ডাব্লিউ-টি-ও" কি ? বর্তমান যুগের ব্যবসায়ী ছাড়া এসম্পর্কে আর কে বেশি জানবে !! দাজ্জালের এ বানিজ্যিক সংস্থাটি মাত্র কয়েক বৎসরের ভেতরেই মুসলমানদের ব্যবসা এবং কারবারীতে কুঠারাগাত করেছে। দেশের প্রতিটি অঞ্চল ঘুরে দেখে আসুন- দাজ্জালের এ সংস্থাটি মুসলমানদের মিল, কারখানা এবং বড় বড় ফ্যাক্টরীগুলোতে মাথায় বন্দুকের নল রেখে তালা ঝুলিয়ে দিয়েছে।

পরিশেষে এমনটি কেন হল ?? শুধুমাত্র মুসলমান হওয়াটা কি তাদের অপরাধ ছিল ?? মুহাম্মদ সা. এর উম্মতের একজন সদস্য হওয়ার শাস্তি ?? কেননা, দাজ্জাল কখনোই চায়না যে, তার দুশমনের হাতে জীবনধারনের মত কোন উপকরণ অবশিষ্ট থাকুক।

ব্যাবসা-কারবারীদের জন্য এ ভয়ানক ব্যাপারটি ১৯৯২ তেই বুঝে নেয়া দরকার ছিল- যখন GATT চুক্তি সম্পাদন করে দাজ্জালী শক্তি বিশ্বের বানিজ্যিক ব্যবস্থা কন্ট্রোলকরন ষড়যন্ত্রের সূত্রপাত করেছিল। দাজ্জালী শক্তির বিরুদ্ধে সজাগ হওয়ার দ্বিতীয় সময় ছিল- যখন ডব্লিও-টি-ও(বিশ্ব বাণিজ্য সংস্থা) র শিকলে বাধা অবস্থায় আপনাকে টেনে হেচড়ে নিয়ে যাওয়া হচ্ছিল। এর থেকেও বড় যে ভুলটি ব্যবসায়ীদের ব্যাপারে হয়েছে- ইসলাম ও পাকিস্তানের গাদ্দার পারভেজ মুশাররফ যখন ভারত থেকে লেন (দেন নয়; শুধু লেন) শুরু

করে, এবং ধীরে ধীরে বাজারের মধ্যে ভারতীয় পন্য ছেয়ে যেতে শুরু করে।

আপনি নিজেই ঐ সিষ্টেমকে গভীরভাবে অধ্যয়ন করুন- আপনার চিন্তার গন্ডি সরকারী স্তর পর্যন্ত যেয়ে থেমে যাবে। কিন্তু মনে হয়- সরকারী অপারগতার বিষয়টি আপনার জানা নেই অথবা বিশ্ব বানিজ্য সংস্থার মূল উদ্দেশ্যটি আপনার কাছে গোপনীয়।

আপনি জানেন যে, বিশ্ব বানিজ্য সংস্থা না কোন মৌলিক দলিলের উপর ভিত্তি করে গঠন করা হয়েছে, না ব্যবসায়ীদের উপকারের জন্য; বরং এটা সরাসরী বদমায়েশী ছাড়া কিছু নয়। এর নিরেট উদ্দেশ্য হচ্ছে- ইহুদী ও হিন্দু জাতি ব্যতিত পৃথিবীর সকল জনগোষ্ঠীকে তাদের রিযিকের মুকাপেক্ষী বানানো। তাদের সংবিধান হচ্ছে- জোর যার মুল্লুক তার (Might is Right)

সুতরাং ঐ লাঠি ভেঙ্গে দেয়া ছাড়া আপনি আপনার কারবারীকে বাঁচাতে পারবেন না। আর এই লাঠিকে ভাঙ্গার জন্যই আল্লাহ পাক রাব্বুল আলামীন এদেরকে টেনে আপনাদের কাছে নিয়ে এসেছেন।

আলহামদুলিল্লাহ! আপনার ভাইয়েরা তাদেরকে প্রতিদিনই দুর্বল করে যাচ্ছে। আপনিও যদি তাদের অন্তর্ভূক্ত হয়ে যান, তবে কাজটি আরো দ্রুত বাস্তবায়ন করা সম্ভব হবে ইনশাআল্লাহ। ভয়ের কোন কারণ নেই!! আপনি নিজেই এমন স্তরে পৌছেছেন যে, আত্মহত্যা (ব্যবসা গুটিয়ে ফেলা)র নিদর্শনাবলী আপনার সামনে প্রকাশ হতে শুরু করেছে। আপনার ইচ্ছা, চাহিদা এবং পেরেশানীগুলোর অনুভূতি আমাদের অন্তরে আছে। পাশাপাশি যতটুকু কষ্ট আপনার হচ্ছে, এতটুকু আমাদের-ও হচ্ছে যে, আপনার কারবারী বন্ধ হওয়ার ফলে হাজারো উম্মতে মুহাম্মদীর ঘরের চুলার আগুন নিভে যাবে। আপনি দ্বীনের মুজাহিদীনকে যতই ভুল বুঝে থাকুন কিংবা দাজ্জালী মিডিয়ার মাধ্যমে মুজাহিদীন সম্পর্কে আপনার কাছে যতই বদনাম পৌছুক, কিন্তু বাস্তব সত্য হচ্ছে যে, উম্মতের একজন সদস্যের দুঃখ কষ্টও তাদের কাছে নিজেদের পরিবারের দুঃখ কষ্টের মত।

আপনারা ব্যবসায়ী মানুষ! কোন কাজের ক্ষেত্রে লাভ-লোকসানের গন্ডি আগেই পরখ করে নেন। আফগানিস্তানে আমেরিকার বিরুদ্ধে লড়াইকারী মুজাহিদদেরকে আপনি সঙ্গ দিলে আপনার কোনই ক্ষতি হবে না; বরং দীর্ঘমেয়াদী লাভের গ্যারান্টি রয়েছে। আর আপনি তো দীর্ঘমেয়াদী কার্যক্রম কি করে গ্রহণ করতে হয়, তা ভাল করেই জানেন।

আমাদের উদ্দেশ্য আপনার পয়সার দিকে নয় যে, আপনি মুজাহিদদেরকে ফান্ড দেবেন। বরং পাকিস্তানের মুজাহিদদের জন্য চারিত্রিক নিরাপত্তা দরকার। কেননা, পারভেজের যুগে আমেরিকা এবং ভারতীয় চররা এখানে খুবই প্রতিষ্ঠিত হয়েছে পাশাপাশি ইসলাম ও মুসলমান লবিগুলো চরমভাবে দুর্বল হয়ে গেছে। সুতরাং আপনি যদি শুধুমাত্র সংখ্যা বাড়ানোর নিয়তেও তাদের কাতারে দাড়িয়ে যান, কোন বৈঠকে বসে লোকদেরকে এসম্পর্কে সতর্ক করেন বা আমেরিকা ও ভারত সম্পর্কে মানুষের সামনে বাস্তব তথ্য তুলে ধরেন, তবে আল্লাহর বিশেষ রহমতে আপনি এই আশা করতে পারবেন যে, কাল কেয়ামতের দিন ঐ সকল লোকদের কাতারেই আপনাকে উঠানো হবে, যাদেরকে আপনি দুনিয়াতে ভালবাসতেন।

যৌথ কারেন্সি...

আন্তর্জাতিক সংস্থাগুলো ভবিষ্যতের জন্য যেসকল কার্যক্রম নির্ধারণ করেছে, তন্মধ্যে একটি হচ্ছে- বিভিন্ন দেশের পারস্পরিক যৌথ কারেন্সিতে অংশগ্রহণ করা এভাবে চলতে চলতে সর্বশেষে একটিই মাত্র কারেন্সি বাকী থাকবে, আর তা হবে দাজ্জালের আত্মপ্রকাশকালীন সময়ে। ইউরোপীয়ান ইউনিয়ন, ইউরো আদান-প্রদান এবং উপসাগরীয় দেশগুলোর যৌথ কারেন্সিতে পারস্পরিক একমত হওয়ার বিষয়টি দাজ্জালী কার্যক্রমেরই অংশবিশেষ। দক্ষিণ এশিয়ার ব্যাপারে কানা দাজ্জালের স্বপ্ন হচ্ছে- এখানকার ছোট ছোট দেশগুলোকে হজম করে ব্রাহ্মণদের ফেডারেশানের সাথে সংযুক্ত করে দেয়া। পাকিস্তানে ইসলামপ্রিয়

মানুষেরা এখনও বিদ্যমান আছে, দেহে এক ফোটা রক্ত থাকতে এ স্বপ্ন বাস্তবায়ন হবে না। পাকিস্তান এবং আফগানিস্তানের ইসলামী শক্তিসমূহ দাজ্জাল ও ইবলিসের সকল খেল-তামাশাকে চৌচির করে দিচ্ছে। বহু পরিশ্রম করে কিছুটা এগিয়ে যাওয়ার চেষ্টা করে, কিন্তু কিছু "দিওয়ানা" ব্যক্তিবর্গ না জানি কোত্থেকে বের হয়ে মুহূর্তের মধ্যেই সবকিছু মিছমার করে দিয়ে যায়। কারেন্সির প্রসঙ্গ যেহেতু উঠেছে, তবে শুনে রাখুন- পীরতুল্য এ কারেন্সি (টাকা)র উপর ভরসা করবেন না। এটা শুধুই রং-বেরংয়ের কাগজের টুকরা। এর পরিবর্তে আপনার তত্ত্বাবধানে স্বর্ণ-রূপা মজুদ রাখুন এবং বর্তমান প্রচলিত ব্যাংকগুলো থেকে যথাসাধ্য নিজেকে দূরে রাখতে পারেন।

যোগাযোগ ব্যবস্থা...

দাজ্জাল স্বীয় আত্মপ্রকাশের পূর্বেই বিশ্বব্যাপি যোগাযোগ ব্যবস্থাকে নিজের কন্ট্রোলে নিতে আসতে চায়। বর্তমান বিশ্বকে Global Village বানানোর যে প্রচেষ্টা করা হচ্ছে, প্রকৃতপক্ষে এটাও দাজ্জালী কার্যক্রমের অংশবিশেষ। এভাবেই সে পুরো বিশ্বকে তার খোদায়ীর অধিনে দেখতে চায়। মোবাইল, ইন্টারনেট, ট্রেকিং সিষ্টেম, জিপিএস, স্যাটেলাইট ফোন, ইলেকট্রনিক চিপ লাগনো ক্রেডিট কার্ড, রেডিও ফ্রিকোয়েন্সি (R.F)যুক্ত আইডি কার্ড ও ডিজিটাল পাসপোর্ট, চিপ লাগানো গাড়ী, সড়কগুলিতে অত্যাধুনিক রাডার সিষ্টেম বসানো (যাতে আসা-যাওয়া সহজ হয় এবং প্রতিটি গাড়ীই তার দৃষ্টিসীমার ভেতরে থাকে) ইত্যাদি সকল কার্যক্রম একই ধারাবাহিকতার বিভিন্ন রূপ। বিশ্বব্যাংক থেকে প্রাপ্ত সুদি ঋণগুলোর অধিকাংশই এ উন্নয়নমূলক কাজগুলিতে ব্যয় হয়ে থাকে।

কম্পিউটার এবং ইন্টারনেট...

কম্পিউটারে করা প্রতিটি কাজই ধরাছোয়ার বাইরে। আর তাই এর পেটে আপনি যা কিছুই ভরে রেখেছেন, কমছেকম তার প্রিন্টআউট বের করে নিজের সংগ্রহে রাখুন। কম্পিউটার বিশেষজ্ঞদের কাছে অনুরোধ- Windows শব্দের প্রকৃত বাস্তবতা জানার চেষ্টার করুন। এটি কার জানালা!! ভেতরে কি !! এবং কোথায় গিয়ে খোলে !! একে ব্যবহার করে আপনি সারাবিশ্বকে দেখছেন ?? নাকি "অন্য কেউ" এর মাধ্যমে সারাবিশ্বকে প্রত্যক্ষ করছে। অনলাইন ব্যাংকিং, অনলাইন একাউন্ট থেকে নিজেকে দূরে রাখেন।

নারীজাতির জন্য দাজ্জালের জাল...

সামাজিকতার ভিত্তি ঘরবাড়ী কেন্দ্রিক হয়ে থাকে। আর ঘরের যাবতীয় কার্যাবলী নারীদের আঁচলের দ্বারা প্রতিষ্ঠিত হয়। ঘরোয়া পরিবেশ যদি খারাপ হয়ে যায়, তবে দ্রুত সামাজিকতার অবনতি ঘটতে থাকতে। পক্ষান্তরে ঘরোয়া পরিবেশ যদি শক্ত ও শিষ্টাচারের উপর প্রতিষ্ঠিত থাকে, তবে সামাজিকতাও সুস্থ্য ও সঠিক পথে থাকে। এভাবেই একটি সমাজ ধীরে ধীরে চারিত্রিক উন্নতির উচ্চস্তরে পৌছতে সক্ষম হয়। আল্লাহ পাক রাব্বুল আলামীন হক ও বাতিলের এ যুদ্ধে মুসলমান পুরুষদের উপর যেমন দায়িত্ব অর্পন করেছেন, তেমন বিরাট এক দায়িত্ব মুসলিম মহিলাদের উপরও ঢেলে দিয়েছেন। নবী করীম সা. বলেন-

ألا كلكم راع ، وكلكم مسئول عن رعيته

(জেনে রাখো! তোমাদের মধ্যে প্রত্যেকেই দায়িত্বশীল এবং প্রত্যেককেই নিজ নিজ দায়িত্ব সম্পর্কে জিজ্ঞাসা করা হবে)। হাদিসটি বুখারী শরীফ থেকে নেয়া। হাদিসের অবশিষ্টাংশ-

والرجل راع في أهله ، ومسؤول عن رعيته ، والمرأة راعية في بيت زوجها ، ومسؤولة عن رعيتها.

(পুরুষগণ স্বীয় পরিবারের ব্যাপারে দায়িত্বশীল, এবং তাকে তার দায়িত্ব সম্পর্কে জিজ্ঞাসা করা হবে।

মহিলাগণ স্বামীর ঘরের ভেতর দায়িত্বশীল, এবং তাকেও তার দায়িত্ব সম্পর্কে জিজ্ঞাসা করা হবে)

রাসূলে কারীম সা. راعي শব্দ ব্যবহার করেছেন, যার অর্থ- দেখাশুনা করা, ঘুরেঘুরে পর্যবেক্ষন করা, চরানো। বকরী চরানোর কাজে অত্যন্ত বিচক্ষণতা, মনযোগ ও কষ্টের প্রয়োজন পড়ে। চরাতে চান, ফলে কষ্ট করতে হবে। কিন্তু কোন কারণে যদি রাগান্বিত হয়ে বকরীগুলোর উপর কঠোরতা শুরু করে দেন, তবে পরবর্তীতে লোকসান আপনারই।

তেমনি প্রত্যেক মুসলমান পুরুষ/নারীকে নিজের উপর অর্পিত দায়িত্ব অত্যন্ত মনযোগ, বিচক্ষণতা এবং কষ্টসহকারে পালন করতে হবে। এক্ষেত্রে পুরুষ যদি তার দায়িত্বে বিন্দুমাত্রও অলসতা বা অমনযোগীতা প্রকাশ করে, তবে এর ক্ষতি তাকেই বহন করতে হবে এবং কেয়ামতের দিন আল্লাহ পাকের কাছেও এর জবাবদিহিতা করতে হবে।

দাজ্জাল মুসলিম নারীদের জন্য ভয়ানক জাল তৈরী করেছে এবং এ জালে শিকারীকে ফাসানোর উদ্দেশ্যে চমৎকার সব ধ্বনি দিয়ে তা সাজিয়ে রেখেছে। দাজ্জাল ভাল করেই জানে যে, মুসলিম নারীজাতি যদি এ জালে ফেসে যায়, তবে মুসলিম পুরুষজাতিকে পরাজিত করা তার জন্য কঠিন কিছু হবে না। কেননা, মুসলিম নারীগণ ইসলামকে রক্ষার জন্য যুগে যুগে বড়ত্ব ও বাহাদুরীর স্বাক্ষর রেখেছে। যেখানেই ইসলামের উন্নতি সাধনে পুরুষগণ প্রতিযোগীতামূলকভাবে অংশগ্রহণ করেছে, সেখানে নারীগণও কোন অংশে পিছিয়ে রয়নি। এমনটি কখনো হয়নি যে, পুরুষগণ রণাঙ্গন বিজয় করে ফেলেছে সাথে সাথে নারীদের পক্ষ থেকে কোন সহযোগীতা সেখানে পরিলক্ষিত হয়নি। বরং একসময় তো এমনটি হয়েছে যে, মুসলিম পুরুষদের সেনাদল একের পর এক পরাজয় বরণ করতে লাগল এবং শত্রুরা মুসলমানদেরকে ধারাবাহিকভাবে পরাভূত করছিল। মুসলিম দেশগুলোকে একের পর এক কাফেররা বিজয় করছিল। এমনকি শেষপর্যন্ত সেখানে না মসজিদ বাকী ছিল; না মাদ্রাসা- কাফেররা সবকিছু ধ্বংস করে দিয়েছিল। মাদ্রাসাগুলোকে মাটির সাথে মিশিয়ে দেয়া হয়েছিল। উলামাদেরকে জীবিত দাফন করে দেয়া হয়েছিল। মসজিদগুলোকে মদের আড্ডাখানায় রূপান্তরিত করা হয়েছিল। ইসলামী নামকরণে নিষেধাজ্ঞা আরোপ করা হয়েছিল। প্রত্যেক মুসলমানকে জোরপূর্বকভাবে মুরতাদ করে দেয়া হয়েছিল। ফলে পুরুষদের সাহস ভেঙ্গে গিয়েছিল। কিন্তু এমন কঠিন ও নাজুক পরিস্থিতিতেও মুসলিম মহিলাগণ সাহস না হারিয়ে স্বীয় প্রতিশ্রুতিকে শক্তকরে আকড়ে ধরে আল্লাহর তরফ থেকে দেয়া দায়িত্বসমূহকে পালন করেছিল। তারাই ঘরের আঙ্গিনায় বসে বসে নিভু নিভু করতে থাকা ইসলামের আলোকে জালিয়ে রেখেছিল। সন্তানদের সীনায় লা ইলাহা ইল্লাল্লাহ'এর কালেমা জীবিত রেখেছিল এবং শিখিয়েছিল যে, তারা মুসলিম জাতি।

দাজ্জালী শক্তি মুসলিম মহিলাদেরকে এ ভয়ানক জালে ফাসানোর জন্য একটি বাণী আবিস্কার করেছে যে, মহিলাগণ যদি ঘর থেকে বের না হয়, তবে সামাজিক উন্নতি সম্ভব নয়। মনবৃত্তির পূজারী পুরুষগণ প্রত্যেক যুগেই নারীদেরকে কলংকিত করে আসছে। নারীরা যতই তাদের বাণী, কার্যক্রম এবং ষড়যন্ত্রের ফাদেঁ পা রাখবে, ততই তাদের দুঃখ-দুর্দশা, কষ্ট ও অপমানের সম্মুখীন হতে হবে। এ ব্যাপারে তো কুরআন হাদিসে এতকিছু বর্ণিত রয়েছে যে, বুদ্ধিমান ব্যক্তিদের জন্য এর চেয়ে বেশি কিছুর দরকার নেই।

কিন্তু মডার্ন (দাজ্জালী) সংস্কৃতির জাদু যেহেতু মহামারীর আকার ধারণ করেছে, সেহেতু সমাজের মা ও বোনদের জন্য (যারা পশ্চিমাবিশ্বের দার্শনিক ও বুদ্ধিজীবীদের বাণীগুলোকে গুরুত্বের সাথে বিবেচনা করেন) দার্শনিক এবং সাহিত্যিক খলীল জিবরানের নিম্নোক্ত বাক্যগুলো পেশ করা হল :-

Modern Woman,

Modern Civilization has made woman a little wiser, but it has increased her suffering because of man's covetousness. The woman of yesterday was a happy wife but the woman of today is a miserable mistress. In the past she walked blindly in the light, but now she walks, open-eyed in the dark. she was beautiful in her

ignorance virtuous in her simplicity, and strong in her weakness. Today she has become ugly in her, ingenuity, superficial and heartless in her knowlegde. (A Third Treasury of Khalil Gibran. P:144)

অনুবাদ- মডার্ন নারী :

মডার্ন সংস্কৃতি এসে নারীজাতিকে কিছুটা চালাক বানিয়েছে ঠিকই, কিন্তু পুরুষদের যৌনচাহিদার দরুন নারীদের এ সংস্কৃতিতে আরো কিছু লাঞ্ছনা যোগ হয়েছে। গতকাল নারীজাতি ছিল সুখীপরিবারের এক অহংকার। কিন্তু আজকের মডার্ন নারীজাতি ঘৃণায় ভরা এক অবৈধ যৌনসঙ্গিনী। গতকালের নারীগণ চোখ বন্ধ করে আলোতে চলাফেরা করত। কিন্তু আজকের নারীরা চোখ খোলে চলাফেরা করে ঠিকই, কিন্তু অন্ধকারে। গতকালের নারীসমাজ অতি গোপনে নিজের সৌন্দর্য, সদাচরণ এবং সতিত্বের পবিত্রতা রক্ষার দরুণ সম্মানের পাত্রী ছিল। কিন্তু আজকালের নারীসমাজ শিক্ষিত হয়েও অন্ধ, বেখবর, এবং নিষ্ঠুর হয়ে গেছে।

নোট: mistress শব্দের ব্যাখ্যা ইনসাইক্লোপেডিয়া অফ ইনকারটা ডিকশনারীতে নিম্নোক্ত শব্দাবলীর দ্বারা করা হয়েছে :-

Extramarital lover of man a woman with whom a man has a usually long-term extramarital sexual relationship, often one in which he provides financial suppport. (Microsoft® Encarta® 2009)

হে প্রিয় মা ও বোনেরা! আপনাদের এবং আপনাদের সন্তানদের ধ্বংসের জন্য দাজ্জালী শক্তি কি কি কার্যক্রম শুরু করেছে, এগুলো একটু লক্ষ করুন :-

১৯৯০ সালের সেপ্টেম্বর মাসে নিউয়োর্কে বাচ্চাদের অধিকার বিষয়ক একটি কনফারেন্স অনুষ্ঠিত হয়। কনফারেন্সে প্রায় সত্তরটি দেশের প্রতিনিধি অংশগ্রহণ করে। একষট্টিটি দেশের প্রতিনিধিগণ বাচ্চাদের সম্পর্কে প্রস্তাবকৃত সংবিধানগুলো বাস্তবায়নের জন্য স্বাক্ষর প্রদান করেন।

সংবিধানের ৫৪ নং অধিকারে বাচ্চাদের কোলে নেয়া, তাদের লালন পালন করে বড় করা, বাচ্চাদের সাথে পিতা-মাতার ব্যবহার, মায়ের সুস্থ্যতা, বাচ্চাদের স্বাধীনতা এবং চারিত্রিক ও ধর্মীয় দিক থেকে বাচ্চাদের অধিকার নিয়ে আলোচনা করা হয়েছে। এর এক নং অনুচ্ছেদে পিতা-মাতাকে সন্তানের প্রতি কোনরূপ ধর্মীয় বিষয় গ্রহণের জন্য বাধ্য করতে নিষেধ করা হয়েছে। পরিস্কারভাবে অনুচ্ছেদে বলা হয়েছে- পিতা-মাতার উচিত- তার সন্তানকে ধর্মীয়, চারিত্রিক এবং আভ্যন্তরীন বিষয়ে সম্পূর্ণ স্বাধীনতা প্রদান করা। সন্তানকে ভেবেচিন্তে যে কোন পথ বেছে নেয়ার সুযোগ দেয়া। ইচ্ছামত যে ধর্মকে তার ভাল লাগবে, তাকেই সে বেছে নেবে।

৩১ নং অনুচ্ছেদে বলা হয়েছে- বাচ্চাদের সর্ববিষয়ের বইপুস্তক, পত্রপত্রিকা, ম্যাগাজিন অধ্যয়ন করার স্বাধীনতা থাকা চাই। এমনকি সে যদি উলঙ্গ ও অশ্লীল বা যৌনবিষয়ক ম্যাগাজিন ক্রয় করতে চায়, বা শয়তানের পূজা করতে চায়, তবে এটাও তার মৌলিক অধিকার। পিতা-মাতাকে বাচ্চার ব্যক্তিগত বিষয়ে কোনরূপ হস্তক্ষেপ না করা চাই। পাশাপাশি অশ্লিলতার এ কাজগুলো যদি সে মুখের দ্বারা বা লেখালেখির দ্বারা প্রচার করতে চায় বা টিভি/ইন্টারনেটের মাধ্যমে বন্ধুবান্ধবদের সাথে শেয়ার করতে চায়, তাহলে এসব কাজেও তার পূর্ণ স্বাধীনতা থাকা উচিত।

২৮ নং অনুচ্ছেদে বলা হয়েছে- স্বাধীন নিরাপদ যৌনসম্পর্ক, এতদ্বিষয় তথ্যাবলী, যোগাযোগ মাধ্যম এবং যৌনশিক্ষা সহজকরণ...এ বিষয়গুলো প্রতিটি উন্নয়নশীল সমাজকে ফলো করতে হবে। নারীগণ তাদের গর্ভ রাখবে না নষ্ট করে দেবে, এটাও তাদের মৌলিক অধিকার। পাশাপাশি এমন (হারামী) সন্তান এবং অবিবাহিত নারীদের এমনই সামাজিক অধিকার প্রদান করতে হবে, যেমননাকি অন্যদের প্রদান করা হয়। উপরোক্ত বিষয়াবলীতে যদি পিতা-মাতা সন্তানের সাথে জবরদস্তিমূলক কোন আচরণ করে, তবে সন্তানের

অভিযোগে পিতা-মাতাকে গ্রেফতার করা হতে পারে। অসদাচরণের ক্ষেত্রে মারধর ছাড়াও ধর্মীয় শিক্ষা-দীক্ষায় সন্তানকে বাধ্য করার বিষয়টি শামিল।

কোন মুসলমান মা কি কখনো কল্পনা করতে পারে যে, মা অসুস্থ হয়ে খাটে পড়ে আছে। "মা" এক গ্লাস পানি পান করতে চায়, পিপাসায় কাতরাচ্ছে...। কিন্তু বেচার "মা"কে এক গ্লাস পানি এনে দেয়ার মত কেউ নেই। এমনটি নয় যে, ঘরে কোন মানুষ নেই...। ঘরে তার যুবক ছেলে, যুবতী মেয়ে.. সবাই আছে...। কিন্তু তারা স্বাধীন জীবনযাপন করছে। স্বাধীন জীবন, যা মন চায়, করব। মন না চাইলে করবনা। আমাদের সবারই স্বাধীনভাবে জীবন অতিবাহিত করার অধিকার রয়েছে। নিজেদের বেডরুমে...। তারা ব্যক্তিগত মনচাহি বিষয়ে মত্ত...। বন্ধুবান্ধবদের সাথে মদের পাত্র মুখে নিয়ে জীবনযাপন করে পাগল হয়ে আছে। আর এদিকে তার জন্মদাতা "মা" অসুস্থাবস্থায় বিছানায় শুয়ে শুয়ে এক গ্লাস পানির জন্য হাহাকার করছে...। পাশের রুমেই তার সন্তান বন্ধুদের নিয়ে তামাশা করছে...কিন্তু আপন "মা"কে-ও এক গ্লাস পানি দেয়ার মত সময় তার হাতে নেই। আরে "মা"! অসুস্থাবস্থায় কাকে ডাকছেন....!!! কেউ নেই....!!!

কিন্তু ঐ "মা" কি কারো কাছে এ বিষয়ে কোন অভিযোগ করতে পারবেন ??!! সবার আগে নিজেকে আপনার প্রশ্ন করা উচিত যে, আপনি আপনার সন্তানকে আচার ব্যবহার শিক্ষাদানে কতটুকু সময় ব্যয় করেছেন ??!! সন্তান কি মায়ের শেখানো আচার ব্যবহার ও শিক্ষাদিক্ষা নিয়ে বড় হয়েছে ?? নাকি শৈশবকাল সে টেলিভিশনের স্ক্রীনের সামনে বসে কিংবা কম্পিউটারে গেম খেলে কাটিয়েছে ?? প্রত্যেক মায়েরই চিন্তা করা উচিত যে, সন্তানের সুশিক্ষায় তার হাত সবচে' বেশি ?? নাকি ঐ সকল অপরিচিত মহিলাদের, যারা টেলিভিশনের স্ক্রীনে এসে সবসময় বাচ্চাদেরকে পশুত্বের সবক শিখিয়ে তাদেরকে মুর্খতাযুগের দিকে নিয়ে যাচ্ছে!! পাশাপাশি এও চিন্তা করা দরকার- যে সময় ছোট্ট এ শিশুটি টেলিভিশনে দেখানো অশ্লীলতা এবং বেহায়াপনার ঢেউয়ের সাথে ঘুরপাক খাচ্ছিল, তখন ঐ "মা" কোথায় ছিল ??!!

তারা হচ্ছে ঐ সকল মা", যারা স্বীয় দায়িত্ব-অনুভূতির কথা ভুলে গিয়ে সন্তানদেরকে টেলিভিশনের পর্দায় থাকা মহিলাদের শিক্ষা-দিক্ষার উপর ছেড়ে দিয়েছে, যাদের শিক্ষাদিক্ষার সারকথা হল- জীবন হচ্ছে শুধুই মনোচাহিদা পূরণ করা, স্বপ্নগুলিকে বাস্তবে রূপ দেয়া, জীবনকে আধুনিকতার রঙে রাঙায়িত করার এবং যখন যা মন চায়, তাই করে দেখানোর নাম। আত্মীয়স্বজন, পারস্পরিক স্নেহ-ভালবাসা, পিতা-মাতা, ভাই-বোন...এগুলো শুধুই পুরাতন মধ্যযুগীয় লোকদের মত সময় নষ্ট করার নাম। এটা হচ্ছে আধুনিকতার যুগ... নিজের স্বপ্নগুলিকে বাস্তবে রূপ দেয়ার যুগ...।

এধারণাগুলো পড়ার পর নিশ্চিতভাবেই পূর্ব-বিশ্বের মায়েরা কেপেঁ উঠবেন। কিন্তু সারাবিশ্বের কাফের সম্প্রদায় আমাদের ঘরে এমনই পরিবেশ সৃষ্টি করতে চায়। আমাদের ঘরের ব্যাপারে তাদের ইচ্ছা যে, যেমনভাবে তাদের ঘরগুলোতে অশান্তির আগুন লেগেছে, তেমনি আমাদের ঘরগুলোতেও এ আগুন লেগে যাক।

বর্তমান সময়ে শয়তানী শক্তিসমূহের সার্বিক প্রচেষ্টা, দিন-রাত মেহনত এবং নিত্যনতুন কার্যক্রম বাস্তবায়নের প্রেক্ষিতে একটি কথা অবশ্যই বুঝে আসে যে, মুসলমানদের বিরুদ্ধে তাদের সবচে' বেশি জোর দুটি বিষয়ে...। একটি বিষয়কে তো সারাবিশ্বের মুজাহিদীনে কেরাম সামলিয়ে নিয়েছেন। দ্বিতীয় বিষয়ের ক্ষেত্রে মুসলিম মহিলাগণ দায়িত্বশীল।

টার্গেটটি হচ্ছে মুসলমানদের ঘরকেন্দ্রিক। অবস্থাদৃষ্টে মনে হয় যে, এবার কাফেররা তাদের সকল সৈন্যসামন্ত মুসলিম মহিলাদের বিরুদ্ধে নামিয়েছে। তাদের সর্বপ্রথম লক্ষ হচ্ছে- মুসলমানদের সামাজিক পরিস্থিতিকে সম্পূর্ণ ধ্বংস করে দেয়া, যেমনটি ইউরোপ-আমেরিকায় করা হয়েছে।

ইউরোপ-আমেরিকায় ঘর বলতে কোন জিনিষ নেই। "মা" কাকে বলে! বোনের কি অর্থ!! সন্তানের ভালবাসার স্বাদ কিভাবে অন্তরকে শান্ত করে!! কথাগুলো তাদের জন্য অপরিচিত হয়ে গেছে। পারস্পরিক স্নেহ-ভালবাসা, পাড়া প্রতিবেশির অধিকার... বিষয়গুলো তাদের সমাজ থেকে হারিয়ে গেছে। সমাজের সকল

স্তরের মানুষ ব্যক্তিগত জীবনযাপন করছে।

সন্তানেরা মায়ের মমতা ভুলে গিয়ে বড় হয়েছে। কেননা, মায়ের হাতে সন্তানকে একটু ভালবাসা দেয়ার সময়টুকু পর্যন্ত নেই। অথবা তার পশুত্বের চরিত্র এ মমতাকে আটকে রেখেছে। এমন মায়েরাই সন্তানদের ভালবাসা পাওয়ার আশায় অপেক্ষায় থাকে ?? নাকি বৃদ্ধাশ্রমে (বয়স্কদের জন্য তৈরীকৃত হোস্টেল, পিতা-মাতা বৃদ্ধ হয়ে গেলে সন্তানেরা তাদেরকে ঘর থেকে বের করে ঐ সকল হোস্টেলে অবশিষ্ট জীবন ব্যয় করার জন্য রেখে আসে) বসে বসে জীবনের চাকা এমনভাবে টানতে থাকে, যার কল্পনা করলে ব্রেইন আউট হওয়ার উপক্রম হয়।

সাবেক মার্কিন সরকারী উপদেষ্টা মিষ্টার বারজেন্সকি" জাতীয় নিরাপত্তা বিষয়ক Out Of Central গ্রন্থে লেখেন- "ঐ সমাজ যেখানে সবকিছু স্বাধীনভাবে করার অনুমতি দেয়া হয় এবং সবকিছু অর্জন করতে দেয়া হয়, সেটা এমন সমাজ যার চারিত্রিক মাত্রা অস্বাভাবিক নিম্নমুখী হয়ে যায়। এমন সমাজের মানুষ তার মনোচাহিদা পূরণের জন্য সব সময় পাগলা কুকুরের মত উৎপেতে বসে থাকে এবং যে কোন মূল্যে তা পূরণ করে ছাড়ে।"

প্রসিদ্ধ চিন্তাবীদ "ডক্টর এলেক্স ক্যারল" তার বিশ্বনন্দিত Man The Unknown গ্রন্থে লেখেন- "আমরা পশ্চিমা বিশ্ব চারিত্রিক অবনতির দিক দিয়ে অত্যন্ত নিম্নস্তরে প্রবেশ করেছি। আমরাই সর্বনিকৃষ্ট ও ঘৃণিত সম্প্রদায়।"

ইউরোপ আমেরিকার এ সামাজিক অবস্থান, যা মানবতা ও সভ্যতাকে বহুপূর্বেই মাটিচাপা দিয়েছে, তা এক পশুত্বের সমাজে পরিণত হয়েছে। ইবলীস কর্তৃক মুর্খসভ্যতা তাদেরকে মানবতার স্তর থেকে নামিয়ে অবনতির গর্তসমূহে প্রবেশ করিয়েছে। এর থেকেও আশ্চর্যের ব্যাপার হচ্ছে- তাদের এ সামাজিকতাকে তারা আধুনিক সভ্যতা বলে আখ্যায়িত করে থাকে। অথচ এটা কোন নতুন সভ্যতা নয়; বরং এ সভ্যতার ইতিহাস ইবলীসের সকল অনিষ্টতা ও দুর্ভাগ্যতার ইতিহাসের মত প্রাচীন। পশ্চিমাদের বর্তমান সভ্যতা হাজারো বৎসরের পূরাতন অমানবীয়, দুর্গন্ধময় এবং শয়তানের পেট থেকে জন্ম নেয়া এক সভ্যাতা, মানব সভ্যতার সাথে যার কোনই সম্পর্ক নেই।

আপনি মানবেতিহাস লক্ষ করে দেখুন- লূত জাতির ইতিহাস পড়ুন। তাদেরও একই সভ্যতা ছিল। এ মুর্খ সভ্যতাই তাদেরকে পুরুষদের ব্যবহার করে নারীজাতি থেকে গাফেল বানিয়েছিল এবং মহিলাদের ছেড়ে পুরুষদের সাথে যৌনচাহিদা পূরণকে ফ্যাশন বানিয়েছিল। নারীজাতিকে সমাজ থেকে বিচ্ছিন্ন করে তাদেরকে অনিষ্টতায় ডুবিয়ে দিয়েছিল। এমনই অনিষ্টতা, যা বর্তমান ইউরোপ আমেরিকান মহিলাদেরও পা থেকে নিয়ে মাথা পর্যন্ত ভরে আছে। পাশাপাশি মুসলিম রাষ্ট্রগুলোতেও এ অনিষ্টতা ছড়িয়ে দেবার প্রচেষ্টা করা হচ্ছে। লূত জাতি হাজার বৎসর পূর্বেই এর শাস্তি ভোগ করে গেছে। আল্লাহ তা'লার আদেশ অমান্যকারীদের কিরকম পরিস্থিতির শিকার হতে হয়, পর্যটকদের জন্য "মৃতসাগর" অদ্যাবধি তার সাক্ষী হয়ে আছে যে, এর পরিণাম অত্যন্ত ভয়ানক।

বর্তমান পশ্চিমা সভ্যতা এমনই এক মুর্খ সভ্যতা, যা কখনো গ্রীক সভ্যতার নামে ইবলিসের পেট থেকে জন্ম নিয়েছে, আর কখনো এবাদত ও উপাসনার কথা বলে নারীজাতিকে কলঙ্কিত করেছে। কখনো রুমী সভ্যতার পোশাক পড়ে রুমের ষ্টেডিয়ামে মহিলাদেরকে উলঙ্গ নাচিয়ে তাদের মাথায় গৌরবের মুকুট রেখেছে। কখনো পারস্য সভ্যতার আকৃতিতে এসে বোনকে ভাইয়ের জন্য হালাল সাব্যস্ত করেছে। মুর্খ এ সভ্যতারক্ষীদের অহংকার রক্ষার্থে কখনো নিরপরাধ কন্যাসন্তানদেরকে মাটির নিচে জ্যান্ত কবর দেয়াকে ফ্যাশান এবং রেওয়াজ বানিয়েছে। আর কখনো নারীজাতিকে অপবিত্র ও অলক্ষী বলে তাদের থেকে দূরে থাকাকে এবাদত আখ্যা দিয়েছে। এটা হচ্ছে ঐ মুর্খ সভ্যতা, যা হিন্দুস্তানের মহিলাদেরকে সকল বিপদ ও অনিষ্টতার মূল বলে মৃত স্বামীর সাথে জীবিত জ্বালিয়ে দেয়াকে পূণ্যের কাজ বলে স্বীকৃতি দিয়েছে।

এটা কোন আধুনিক সভ্যতা নয়। এটা কোন সুশীল সমাজের সভ্যতা নয়। বরং এটা হচ্ছে মুর্খতাযুগের

মুর্খসভ্যতা, যা প্রত্যেক যুগেই নারীদেরকে সভ্যতার নামে ক্ষুদার্থ কুকুরদের সামনে লেলিয়ে দিয়েছে। এমন কুকুর, যে ক্ষুদার্থও হয়, বুড়াও হয়। যে বেশি নড়াচড়া না করেই পেট ভরে নিতে চায়। মুর্খ সভ্যতার এ কার্যক্রমগুলি নারীজাতির জন্য ঐ কুকুরের মত।

এ সভ্যতারক্ষীরা আজও মহিলাদের ব্যাপারে ঐ মনোবাসনাই পোষন করে, যা লূত জাতি থেকে শুরু করে ভারতের হিন্দু সমাজ এবং পশ্চিমাবিশ্বের খোলামনের সামাজিক লোকেরা পোষন করে থাকে। তাদের দাবী যে, মনোচাহিদা পূরণের ক্ষেত্রে সকল বাধা বিপত্তিকে নিঃশেষ করা হোক। পশ্চিমা বিশ্বের এ সভ্যতাকে আধুনিক সভ্যতা বলে আখ্যায়িতকারীগণ হয়ত- ইতিহাস সম্পর্কে সম্পূর্ণ অজ্ঞ, আর নাহয় তারা তুতা পাখির মত যে, মালিক যে শব্দই তার সামনে উচ্চারণ করে, তাই সে জপতে শুরু করে।

সুতরাং মুসলিম নারীদের এ কথা ভাল করেই বুঝে নেয়া উচিত যে, নারীজাতির স্বাধীনতা, উন্নতি, স্বচ্ছলতা এবং সমাধিকারের ধ্বনি দেয়া লোকজন তাদের শুভাকাঙ্কী নয়; বরং তারা হচ্ছে ঐ মুর্খ সভ্যতার রক্ষীবৃন্দ- যে মুর্খসভ্যতা প্রতিটি যুগেই নারীজাতিকে কলংকের আসনে বসিয়েছে।

আজকের মায়েরা যদি নিজেদের দায়িত্ব সম্পর্কে অনুভূতিশীল না হোন, তাহলে এ সভ্যতা এবং এ পরিস্থিতি বেশি দূরে নয়; বরং তা আপনার ঘরের দরজাতেই খটখট করছে। বরং যদি বলি যে, ঘরের ভেতরে প্রবেশ করছে, তাহলেও ভুল হবে না। ফ্যাশন, নারী স্বাধীনতা, পুরুষদের সাথে কাধে কাধ মিলিয়ে চলার অঙ্গিকার, ঘরের চার দেয়াল থেকে বেরিয়ে দুনিয়ার হাঙ্গামায় পুরুষদের সাহচর্য প্রদান... ইত্যাদি ব্যাপারগুলি ঐ সকল ইউরোপ-আমেরিকান সভ্যতায় নিমজ্জিত করার মত ব্যাপার, যার মধ্যে একজন মহিলা প্রবেশ করার পর চিরদিনের জন্য সে পুরুষদের খেলনা হয়ে যায়।

তোমাদের প্রকৃত শুভাকাঙ্কী এবং রক্ষী হচ্ছে ঐ সভ্যতা, যা প্রতিটি যুগেই ঐ মুর্খ সভ্যতারক্ষী হায়েনাদের কবল থেকে তোমাদেরকে মুক্ত করেছে। তোমাদেরকে সম্মানের যথাযোগ্য আসনে সমাসীন করেছে। এ আসন তোমাদেরকে ঐ সৃষ্টিকর্তা দান করেছেন, যিনি তোমাদেরকে সম্মানের অধিকারী বলে পাঠিয়েছেন এবং মুর্খসভ্যতার অধিকারী কুকুরদের থেকে তোমাদেরকে রক্ষার জন্য কিছু মৌলিক নিয়মপদ্ধতি শিখিয়েছেন। এ সকল মৌলিক নিয়মকানূনই তোমাদেরকে নিরাপত্তা দিতে পারে। সুতরাং কখনোই এগুলি পরিহার করা তোমাদের উচিত নয়। তোমাদেরকে এ সকল নিয়মকানূন থেকে হটানোর জন্য দুশমনেরা বলতে পারে যে, "এসকল নিয়মকানূন এখন পুরাতন হয়ে গেছে", "বর্তমান আধুনিকতার যুগে এগুলো অচল"... ইত্যাদি ইত্যাদি।

তারা যাই বলুক; তাদের কথায় কান দেবেননা। বরং ইসলামী সভ্যতাকে নিজের সম্ভ্রম রক্ষার জন্য আবশ্যিক করে নিন। পাশাপাশি মুর্খসভ্যতার এ ছোবল থেকে নিজেকে এবং স্বীয় সন্তানদেরকে রক্ষা করুন। যাতে ঘরোয়া সুখ-শান্তি বজায় থাকে, পিতা-মাতা এবং সন্তানদের ভালবাসায় কারো নজর না পড়ে, ভাই-বোনের মাঝে আত্মীয়তার পবিত্র পবিত্র বন্ধন অটুট থাকে। আপনার দুশমনেরা আপনার বিরুদ্ধে উস্কানী দিচ্ছে, এই উস্কানীকে আপনাকেই দমন করতে হবে।

ইসলাম আপনার খোদাপ্রদত্ত যোগ্যতাগুলিকে শিকলে বন্দি করে রাখেনা। আপনি আপনার যোগ্যতাগুলিকে ইসলাম এবং দ্বীনের খেদমতের জন্য উন্মুক্ত করে দিন। আপনি যদি মুসলমানদের সেবায় অংশগ্রহণ করতে চান, তবে একটু চিন্তা করে নিজেকেই নিজে প্রশ্ন করুন যে, সেবাগুলো বাস্তবায়নের জন্য কি আমাকে পশ্চিমা সভ্যতায় ডুবে যেতে হবে ??!! ইসলামী নিয়মকানূন মেনে আপনি কি এগুলো বাস্তবায়ন করতে সক্ষম নন ??!! এমনটি কি কখনো সম্ভব যে, পশ্চিমা সভ্যতা অনুসরণ করেই আপনি তাদের মুকাবেলা করবেন ??!! অথচ আল্লাহ পাক রাব্বুল আলামীন আপনাকে সম্মানের পাত্র বানিয়েছেন এবং আপনার জন্য ঐ পরিণাম বেছে নেননি, যা কাফেরদের জন্য বেছে নিয়েছেন।

আজও কত মুসলিম নারী ইসলামের সহযোগীতা ও উন্নতিতে স্বীয় জীবনকে উৎসর্গ করছে। আল্লাহ তা'লাও তাদের মাধ্যমে দ্বীনের খেদমত নিয়েছেন। সুতরাং মুহাম্মাদে আরাবী রাসূলে কারীম সা. এর একমাত্র

আদর্শ অনুসরণ করলেই আমরা দুনিয়া-আখেরাতে সফল হতে পারব। এতে আমাদেরই মঙ্গল নিহীত রয়েছে। যেমন- আপনি যদি ডাক্তার হয়ে থাকেন, তাহলে সকাল-সন্ধা আপনার কাছে কত মহিলা চিকিৎসার জন্য এসে থাকে। তারা আপনার কথা মনযোগ দিয়ে শুনে থাকে। আপনি যদি তাদেরকে বর্তমান যুগের ফেতনা এবং দাজ্জালের ফেতনা সম্পর্কে পাঁচ মিনিট করে বলেন, তাহলে হয়ত আল্লাহ তা'লা আপনার কথার প্রেক্ষিতে কত মা-বোনের জীবনধারা পরিবর্তন করে দেবেন। আপনি যদি শিক্ষক হয়ে থাকেন, তবে সকাল থেকে সন্ধা পর্যন্ত আপনি ছাত্র-ছাত্রীদের সাথে থেকে তাদেরকে টিচিং দেন। এসকল ছাত্র-ছাত্রীরা আপনার উপর ভরসা করে আপনার কথাগুলোকে আদর্শের মাপকাঠি হিসেবে বিবেচনা করে। আপনি তাদেরকে বর্তমান সময়ের ব্যাপারে অবহিত করেন। কোনটা করলে লাভ আর কোনটায় ক্ষতি- তাদেরকে একটু বুঝান। তাদেরকে বলুন যে, আমেরিকা-ইউরোপ থেকে মহিলারা তাদের ঘরবাড়ী ছেড়ে এজন্য এসেছে যে, তারা তোমাদের ঘরবাড়ী, দ্বীন-আখেরাত ধ্বংস করতে চায়। আফগানিস্তানে মার্কিন সেনাদের সাথে যেসকল মহিলা এসেছে, তারা মুহাম্মাদে আরাবী সা. এর দ্বীনকে মিটিয়ে সারা দুনিয়ায় শয়তানী শাসন প্রতিষ্ঠার জন্য এসেছে। কাফেরদের নারীরা তাদের মিথ্যাধর্মের জন্য কত ত্যাগ স্বীকার করছে..। তারা তাদের ধর্মীয় গ্রন্থ তাওরাত-ইঞ্জীল (বিকৃত) পড়েই এখানে এসেছে। তাদের কিতাবের ভাষ্য অনুযায়ী- মুসলমানদেরকে পৃথিবীর বুক থেকে নিশ্চিহ্ন করতে পারলেই বিশ্বজুড়ে নিরাপত্তা নিশ্চিত করা সম্ভব। এহেন পরিস্থিতিতেও কি মুহাম্মাদে আরাবী সা. এর রূহানী মেয়েরা রাসূলের দ্বীনকে বাঁচানোর জন্য কোন পদক্ষেপই গ্রহণ করবে না ??!! তাই যদি হয়...তবে আয়েশা সিদ্দীকা রা. ও ফাতেমা যাহরা রা. এর স্থলাভিষিক্তদেরকেও নিজেদের ঘরবাড়ী ধ্বংস হতে, সন্তানদের হত্যার দৃশ্য প্রত্যক্ষ করতে এবং স্বীয় সমাজকে গভীর অন্ধকারে নিমজ্জিত হওয়ার মত পরিস্থিতিও অবলোকন করতে হবে।

আমার বোনেরা! দুনিয়া তো চলতেই থাকবে। এ বিষয়গুলো মৃত্যুর পূর্বে আমাদের থেকে আলাদা হবে না। সুতরাং আপনি নিজেই নিজেকে এসকল ঝামেলা থেকে মুক্ত করুন। দুনিয়াকে ছাড়ুন...ভাগ্যে যতটুকু লেখা আছে, ততটুকুই মিলবে। দুনিয়ার পেছনে চললে সে আপনাকে লাঞ্ছিত, বঞ্চিত ও অপদস্থ করে ছাড়বে। আর যে ব্যক্তি দুনিয়াকে লাথি দেবে, দুনিয়া তার পায়ে এসে পড়বে। আপনি আপনার আখেরাত নিয়ে ফিকির করেন। অন্যদের দেখবেন না...কে কি করছে, কার কাছে কতটুকু আছে, কে কত তালা বাড়ী বানিয়েছে!! বরং দেখুন- আখেরাতের জন্য কে কি পরিমাণ প্রস্তুতি গ্রহণ করছে! কেননা সেটাই হচ্ছে চিরস্থায়ী ঘর। এটা আবার কেমন বুদ্ধিমানের কাজ যে, যেখানে থাকা হবে না- সেখানে বিশাল বাড়ী বানিয়ে বসেছে। আর যেখানে তার চিরদিন থাকা লাগবে, তার জন্য কোন ফিকিরই করছেনা। দুনিয়ার জিন্দেগী একভাবে অতিবাহিত হলেই হল। কিন্তু প্রকৃত বুদ্ধিমান ঐ ব্যক্তি, যে চিরস্থায়ী জিন্দেগীর প্রস্তুতি নিয়ে সদা ব্যস্ত থাকে।

সুতরাং আমরা যদি ভালকিছু করি, তবে তা আমাদেরই উপকারে আসবে। আর যদি আল্লাহ ও আল্লাহর রাসূলের বিরুদ্ধাচারণ করি, তবে তা আল্লাহর দ্বীনকে সামান্যতম ক্ষতি করতে পারবেনা। কিন্তু এরফলে আল্লাহ তা'লা আমাদের উপর অসন্তুষ্ট হবেন এবং -আল্লাহ না করেন- আমরা "কানা দাজ্জাল"কে খোদা বলে বিশ্বাসকারীদের মধ্যে অন্তর্ভূক্ত হয়ে যাবো। যাকে বর্তমান যুগে ফ্যাশন বলা হচ্ছে, এর সবই কানা দাজ্জালের পেতে রাখা ফাঁদ। আপনার যদি জানা থাকে যে, ফ্যাশন কোথায় তৈরী হয়, কাপড়ের নতুন নতুন ডিজাইন কোথায় প্রস্তুত করা হয়, এরপরও আপনি নিজেকে মনচাহি জিন্দেগীর উপর ছেড়ে দিয়েছেন। তাহলে আপনিই চিন্তা করুন যে, আপনার এ শিক্ষাদিক্ষা ও অনুভূতি কোন পর্যায়ের! যে, সে কোনটি লাভ আর কোনটি লোকসান, তা পৃথক করতে পারছেনা। পক্ষান্তরে আপনি যদি অন্যান্য মহিলাদের দেখাদেখি এমন পথ বেছে নিয়ে থাকেন, ফ্যাশন এবং আর্ট সম্পর্কে আপনার তেমন জ্ঞান নেই, তবে এমন নেক মহিলাদের কাছ থেকে আপনি তা জেনে নিন, যাদের কাছে এগুলোর বাস্তবতার জ্ঞান রয়েছে।

ফ্যাশনের যে সড়কে আপনি ঘুরে বেড়াচ্ছেন এবং নিজের লক্ষকে মনচাহি জীবনযাপনের উপর ছেড়ে দিয়েছেন! স্মরণ রাখবেন যে, যে এপথটি সোজা কানা দাজ্জালের কাছে গিয়ে শেষ হয়েছে। এ সভ্যতার আইডল হচ্ছে ঐ মিথ্যা খোদা। পাশাপাশি এটাও মনে রাখবেন যে, আল্লাহ পাক রাব্বুল আলামীনের কাছে

এপথটি পছন্দনীয় নয়।

عن أبي هريرة رضي الله عنه قال : قال رسول الله صلى الله عليه وسلم: نساء كاسيات عاريات ، مميلات مائلات ، رؤوسهن كأسنمة البخت المائلة ، لا يدخلن الجنة ولا يجدن ريحها ، وإن ريحها ليوجد من مسيرة كذا وكذا. (صحيح مسلم: 5704)

অনুবাদ- হযরত আবূ হুরায়রা রা. হতে বর্ণিত, নবী করীম সা. এরশাদ করেন- ঐ সকল মহিলা, যারা কাপড় পরিধান করার পরও উলঙ্গ হয়, অপরকে নিজের প্রতি আকৃষ্টকারী এবং নিজেও ঝুকন্ত (কোমর দুলিয়ে বাঁকা অবস্থায়)। তাদের মাথা ঝুকে থাকা উটের কান্ধার মত দেখাবে। তারা জান্নাতে প্রবেশ করতে পারবেনা, এমনকি জান্নাতের সুগন্ধিও তারা পাবেনা। অথচ জান্নাতের সুগন্ধ এত.. এত.. পরিমাণ দূর থেকেই অনুভব করা যায়।

আল্লাহ রক্ষা করুন- না কোন ভাল কাজ তাদের উপকারে আসবে, না দাজ্জালের পথে চলার কারণে কেউ তাদের ক্ষতি করতে পারবে। বান্দা যা করছে, নিজের জন্যই করছে।

শহরের দেয়ালে দেয়ালে লাগানো সিনেমার পোষ্টার, হলিউড-বলিউডের কোন ফিল্মের এ্যাড বা কোন সিডি-ভিসিডির দোকানে গেলেই গত রং-বেরংয়ের, কত ঢংয়ের মহিলাদের ছবি দেখা যায়। কাপড় পড়ে আছে, তবুও উলঙ্গ। দেখা মাত্রই যুবকেরা আকৃষ্ট হয়ে পড়ে। ছবিতে মেয়েরাও মেকআপ করে নিজেদেরকে এমনভাবে প্রকাশ করেছে যে, ঘাড়ের দিকে হাত নিয়ে মাথা একদিকে আর কোমর আরেক দিকে..। নিজেরাও ঝুকে আছে এবং দর্শকদেরকেও নিজেদের প্রতি ঝুকাচ্ছে। সুতরাং এধরনের মহিলাদের পরিণাম যে কি হবে- তা রাসূলে কারীম সা. স্পষ্টকরেই বলে গিয়েছেন- জান্নাত তো দূরের কথা! জান্নাতের সুগন্ধিও তারা পাবেনা।

২০১০ সালের শেষের দিকে বলিউডের শাহরুখ খান যখন বাংলাদেশে এসেছিল, সাথে করে উপরোক্ত জাহান্নামী নর্তকীদেরকেও সাথে এনেছিল। শাহরুখ ঢাকার আর্মি ষ্টেডিয়ামে দুই/তিন ঘন্টার পুরো অনুষ্ঠানজুড়ে ঐ সকল নর্তকিদের নিয়ে নেচে নেচে পুরো বাংলাদেশকে অপবিত্র করেছিল। আর বাংলাদেশের মত দরিদ্র দেশের মানুষেরা দুই/তিন ঘন্টার এ অনুষ্ঠান দেখার জন্য দশ হাজার থেকে নিয়ে ত্রিশ হাজার টাকা পর্যন্ত খরচ করতে দ্বিধাবোধ করেনি। আমাদের বাংলাদেশের ধর্মীয় পরিস্থিতি কি পর্যায়ে পৌছেছে, এখন আন্দাজ করুন। (আল্লাহ আমাদের রক্ষা করুন)

হযরত আব্দুল্লাহ বিন আমর রা. বলেন- নবী করীম সা. স্বাধীন মহিলাদেরকে (পরপুরুষের সামনে) মাথার চুল ষ্টাইল করা থেকেও নিষেধ করেছেন। (مجمع الزوائد للهيثمي: 8865)

একদিকে দাজ্জালের জাল বিছানো, অপরদিকে মুহাম্মাদে আরাবী সা. এর বাতানো সোজা পথ। প্রতিটি মুসলিম বোন নিজের জন্য যে পথই বেছে নিতে চাইবে, বেছে নিতে পারবে।

হযরত আব্দুল্লাহ ইবনে আব্বাস রা. বলেন- নিশ্চয় বনী ইসরাইলের নারীগণ পায়ের দিক থেকে আসা ফেতনায় পড়ে ধ্বংস হয়েছিল। আর এই উম্মতের নারীগণ মাথার দিক থেকে আসা ফেতনায় পড়ে ধ্বংস হবে। (مصنف عبدالرزاق:20609)

অর্থাৎ মাথার চুল ষ্টাইল করা, মাথায় শিখদের ন্যায় চুলের জমাট বানিয়ে মানুষের সামনে প্রকাশ করা, মেশিনে তৈরী পৃথক চুল মাথায় লাগিয়ে রং দেয়া। এসকল বিষয় আল্লাহ তা'লার অসন্তুষ্টি ডেনে আনে। ফলে এগুলো ধ্বংসের কারণ। তাছাড়া এগুলোর মাধ্যমে দুনিয়াবী ক্ষতিও বিদ্যমান। সাইন্টিফিক দৃষ্টিতে মহিলাদের চুল কাটার মাধ্যমে তাদের শরীরে মারাত্মক ধরনের কুপ্রতিক্রিয়া সৃষ্টি হয়।

হযরত আব্দুল্লাহ ইবনে উমর রা. বলেন- নবী করীম সা. এমন মহিলাদের উপর অভিশাপ করেছেন, যারা পৃথক চুল লাগায় বা অন্যদের লাগিয়ে দেয়। পাশাপাশি ঐ সকল মহিলাদের উপরও অভিশাপ করেছেন,

যারা সুই দিয়ে শরীরের চামড়ায় খুত করে দেহে নকশা একেঁ থাকে। (5008:سنن النسائي)

আল্লাম নাসিরুদ্দীন আলবানী রহ. বর্ণনাটিকে সহীহ বলেছেন।

আমার বোনেরা! আপনারা যদি সন্তানদেরকে টেলিভিশনের আদর্শে লালন পালন করে থাকেন, তবে স্মরণ রাখবেন- উপরে যা বর্ণিত হয়েছে, এটাই আপনাদের সর্বশেষ পরিণতি। একটু চিন্তা করুন- আপনার এই ছোট্ট খুকির জন্য সর্বপ্রকার চাহিদায় আগুন লাগিয়েছেন... নয় মাস অতিকষ্ট করে পেটে ধরেছেন... মৃত্যুর উপত্যকা দিয়ে অতিক্রম করে তাকে জন্ম দিয়েছেন... অতপর তার জন্য আপনি আপনার সকল আরামায়েশ ভুলে গেছেন... রাত নয়, দিন নয়... গরম নয়, ঠান্ডা নয়... সার্বক্ষণিক তার দেখাশুনায় কাটিয়েছেন... তার যদি কোন কষ্ট হতো, তবে আপনি ভেঙ্গে পড়তেন। কিন্তু আজকের এই মডার্ন সন্তানের কারণে আপনি আজ কারাগারের দুর্গন্ধময় সেলে বন্দি। হয়ত আপনি সন্তানকে কোন ভুল পথ থেকে বাধা দেয়ার চেষ্টা করেছেন, কিন্তু সন্তান তার মোবাইল ফোন (যা আপনার স্বামীর কষ্টার্জিত টাকা দিয়ে কেনা) দিয়ে পুলিশের কাছে আপনার ব্যাপারে অভিযোগ করেছে। অতপর দেখতে দেখতে সকল মহল্লাবাসীর সামনে পুলিশ আপনার ঘরে প্রবেশ করে মান-সম্মানকে মাটির সাথে মিশিয়ে আপনাকে ধরে গাড়ীতে ঢুকিয়ে থানায় নিয়ে গেল।

আমার বোনেরা! আপনি যদি আপনার সন্তানকে দ্বীনী শিক্ষা থেকে দূরে সরিয়ে তাকে দুনিয়ার পূজারী বানাচ্ছেন, তাহলে আগামী কাল এমন পরিস্থিতির জন্য আপনি নিজেকে প্রস্তুত রাখবেন। এই দিনটি আপনার থেকে বেশি দূরে নয়। আমাদের বাংলাদেশে এমন মায়েরও অস্তিত্ব রয়েছে, যারা তার সন্তানকে "আল্লাহ" ডাকটি পর্যন্ত শেখায়নি। শিশুকাল থেকেই সন্তান এক স্বাধীন শয়তানী ধর্মের অনুসারী। শৈশব থেকে সন্তান যা মন চেয়েছে, তাই করেছে। টেলিভিশনের রিমোট হাতে নিয়ে নিজের কক্ষে যা মনচায়, দেখেছে। আর "মা"-ও অত্যাধিক বিলাসী এবং ঘুরাঘুরির কারণে এতটুকু সময় তার মেলেনি যে, সন্তানকে কিছুটা সময় দেবে। কখনো তার কক্ষে গিয়ে একটু তদারকি করেনি যে, আমার ছোট্ট সন্তানটি কি দেখছে এবং কি করছে।

এসকল সন্তানেরা বড় হয়ে যদি তাদের পিতা-মাতাকে ঘর থেকে বের করে বৃদ্ধাশ্রমে রেখে আসে, তাহলে এক্ষেত্রে সন্তানের কোন ভুল হবে মনে হয়না। সুতরাং পরিস্থিতির ভয়াবহতা এবং দাজ্জালের ফেতনা থেকে নিজেকে এবং সন্তানকে বাঁচানোর জন্য আপনার অন্তরে "দরদ" তৈরী করতে হবে। শুধু নিজেকেই নয়; বরং আশপাশের অন্যান্য বোনদের, আত্মীয়স্বজন এবং পড়শী বোনদেরকেও দাজ্জালের ফেতনা এবং তার ফাঁদ সম্পর্কে আপনাকেই অবহিত করতে হবে। আপনার প্রতিটি কথা এবং পদক্ষেপে আল্লাহ পাক আপনাকে ছওয়াব দান করবেন। আপনার সন্তানের অন্তরে পবিত্র কুরআনের শিক্ষা, নামাযের গুরুত্ব, পিতা-মাতার মর্যাদা এবং ইসলামের মহব্বত সৃষ্টি করুন। পক্ষান্তরে গান, মিউজিক, কার্টুন এবং আল্লাহ ছাড়া অন্য কাউকে ভয় করা থেকে তার অন্তরে ঘৃণা সৃষ্টি করুন।

পুরুষদের দায়িত্ব...

সাধারণত পুরুষদের মধ্যে দেখা যায় যে, তারা নিজেরা তো ঠিকই নামায-রোযা ইত্যাদি সঠিকরূপে গুরুত্ব দিয়ে থাকে এবং জান্নাত অর্জনের জন্য পূণ্যের কাজে সময় লাগিয়ে থাকে। কিন্তু নিজের সন্তান, বোন এবং মেয়েদের ব্যাপারে এতটুকু চিন্তা করেনা। যারফলে তাদের এবং আত্মীয়স্বজনদের ধর্মীয় জীবনযাপনে বিস্তর অমনযোগীতা দেখা যায়। প্রাথমিক পর্যায়ে পুরুষগণ এ অলসতায় মনযোগ না দেয়ার ফলে পরবর্তীতে তা আস্তে আস্তে প্রশস্ত হতে থাকে। ফলশ্রুতিতে এমন এক সময় এসে উপস্থিত হয় যে, সে তার স্ত্রী-সন্তানকে একটি হারাম বস্তু থেকে নিষেধ করতে থাকলেও স্ত্রী-সন্তান এটাকে যুগের ফ্যাশান বলে কোমর বেধে তা ব্যবহার করতে থাকে।

সুতরাং পুরুষদের উচিত- তাদের নিজেদের আখেরাত নিয়ে ফিকিরের পাশাপাশি পরিবার-পরিজনকেও আগত সম্মুখ ঝড় থেকে বাঁচানোর ব্যবস্থাপনা তৈরী করে। তাদের কাছে সময় দিয়ে তাদের দ্বীনী শিক্ষা-দিক্ষায় প্রতিপালন করেন। সামনের ভয়ানক পরিস্থিতি সম্পর্কে তাদের অবহিত করেন।

এটা ভেবে বসে পড়বেননা যে, আমি তো একা! আমার কথা কে শুনবে আর কে মানবে!! এমনটি কখনো ভাববেন না। আপনি যখনই উম্মতের দরদ নিয়ে আল্লাহ পাককে সন্তুষ্ট করার নিমিত্তে কোন পদক্ষেপ নিবেন, তখন আল্লাহ পাকও আপনার প্রতিটি পদক্ষেপে আপনাকে সাহায্য করবেন। ফলশ্রুতিতে আপনি কল্পনাও করতে পারবেন না- যে কাজটি আপনি একা শুরু করেছিলেন, এখন তা লাখো মুসলমানের কন্ঠ এবং দৃষ্টিভঙ্গিতে রূপান্তরিত হয়েছে। কোন ময়দানে সাহস হারিয়ে ফেলা, নিরাশ হয়ে যাওয়া এবং মন ভেঙ্গে দেয়া হক্বের রাস্তায় কখনো বাধা হতে পারেনা। এটা তো এমন এক পথ; যার মধ্যে শুধু অটল থাকাটাই সফলতার লক্ষণ, রাস্তাতো এমনিতেই তৈরী হতে থাকে।

এন,জি,ও

এটা হচ্ছে দাজ্জাল সরকারের নিয়মিত মন্ত্রণালয়, যা বিশ্বের বিভিন্ন প্রান্তে সুন্দর সুন্দর ধ্বনির আশ্রয় নিয়ে দাজ্জাল আত্মপ্রকাশের পথ প্রশস্ত করছে। এর প্রতিটি স্তর এরকম যে, জনসাধারণ তো দূরের কথা; অধিকাংশ নেতৃস্থানীয় ব্যক্তিবর্গও এখেকে বেখবর। যেমননাকি ইতিপূর্বে আপনি জেনে এসেছেন যে, দাজ্জালের সবচে' বেশি জোর হচ্ছে- বিশ্বের সকল পানীয় নিজের কন্ট্রোলে নিয়ে ফেলা এবং পান করার প্রাকৃতিক উপাদানগুলো খতম করে দেয়া। পাতালের পানি নিঃশেষ করে দেয়া তার প্রধান টার্গেটগুলোর অন্যতম। সুতরাং এসকল প্রাকৃতিক পানীয় উপাদানগুলো ধ্বংস করার জন্য এমনসব মেশিন ফিট করা হচ্ছে, যা অত্যন্ত দ্রুততার সাথে পানির ভান্ডারগুলিকে ধ্বংস করে দেয়। যেমন- লিপ্টস এর বৃক্ষ। বৃক্ষটি পানির জাতশত্রু। যেখানেই তা রোপণ করা হয়, সেখানেই পানির সমতা দ্রুততার সাথে মাটির নিচে চলে যেতে থাকে। এ বৃক্ষের জড়গুলো পানির সাথে সাথে চলে। পুরো পাকিস্তান জুড়ে জনসেবার নামে তৎপর এন,জি,ও বাহিনী এজাতিয় বৃক্ষ রোপণ করেছে। দেশের প্রতিটি অঞ্চলে আপনি এর বিশাল বিশাল বাগিচা প্রত্যক্ষ করে থাকবেন। হতে পারে যে, এন,জি,ও-র কাজে নিয়োজিত পাকিস্তানী দায়িত্বশীলগণ দাজ্জালের এ চক্রান্ত সম্পর্কে অজ্ঞতাবসতই অপারগ হয়ে এধরনের কাজ করে করে পুরো দেশবাসীকে দাজ্জালের পানির মুকাপেক্ষী করে তুলছে।

নারীজাতির স্বাধীনতার নামে তৎপর এন,জি,ও বাহিনী নারীদের জন্য তৈরীকৃত দাজ্জালের এ কার্যক্রমকে শতভাগ রঙ্গিন করে তুলেছে। এ স্বাধীনতা প্রকৃতপক্ষে ইসলাম থেকে মুক্ত হওয়ার স্বাধীনতা। এ স্বাধীনতা দাজ্জালের দলে অন্তর্ভুক্ত হওয়ার স্বাধীনতা। এন,জি,ও-র সকল খরচ বহনকারী বেসরকারী সংস্থা এবং গোপন ব্যক্তিবর্গের পক্ষ থেকে এ উদ্দেশ্য বাস্তবায়ন করতে বলা হয়েছে যে, মহিলাদেরকে বেশি বেশি ঘর থেকে বের করে তাদেরকে দাজ্জালী সভ্যতায় রঙ্গিন করার প্রতি মনযোগ দেয়া হোক। পাকিস্তানের মাটিতে তৎপর বেসরকারী এক সংস্থার (যারমধ্যে কর্মরত সকলেই পাকিস্তানী) প্রধান টার্গেট হচ্ছে- ঘরোয়া পরিবেশে বড় হওয়া মহিলাদেরকে যে কোন উপায়ে ঘরের বাইরে নিয়ে আসা। তাদের প্রচেষ্টা হচ্ছে- যখনই কোন উপায়ে নারীদের বাইরে আসার সুযোগ তৈরী হয়, তখনই এন,জি,ও বাহিনী এটাকে বিভিন্ন প্রোগ্রামে প্রচার করতে শুরু করে। পক্ষান্তরে কোন কোন এন,জি,ও-র তৎপরতা হচ্ছে শিশুদের টার্গেট করে।

বালাকোট এবং মুজাফফরাবাদের ভূমিকম্পন কবলিত এলাকাগুলিতে এন,জি,ও বাহিনী তাদের আসল চেহারা জনসমক্ষে প্রকাশ করেছে। যে সকল ব্যক্তিবর্গ ভূমিকম্পনের পরবর্তী সময় ওখানে অবস্থান করেছে, তারা ভাল করেই জানে যে, দুর্ঘটনার পর ওখানকার পরিস্থিতি দাজ্জালের মহাফেতনাকে স্মরণ করিয়ে দেয়। যেভাবে তারা মানুষের কাছে লোক লাগিয়ে রেখেছিল এবং যা চেয়েছিল তাই করেছিল। অবস্থাদৃষ্টে মনে হচ্ছিল যে, দাজ্জালকে আত্মপ্রকাশ করানোর প্র্যাকটিক্যাল ট্রেনিং দেয়া হচ্ছে। যেই রকমভাবে দাজ্জাল

অভাবগ্রস্থ ব্যক্তিদের কাছে খানা-পিনা নিয়ে এসে নিজেকে খোদা বলে বিশ্বাসের দাবী জানাবে, ঠিক তেমনিভাবে এন,জি,ও বাহিনী-ও ওখানকার লোকদের সাথে এরকম আচরণ করেছে। এমনকি কতিপয় বেসরকারী এন,জি,ওদের পক্ষ থেকে লোকদেরকে স্পষ্টভাষায় বলা হয়েছে যে, "তোমাদের আল্লাহ কোথায় ??" এ সাহায্য তো আমাদের "মাছীহ"এর পক্ষ থেকে এসেছে। তোমরা কি তাকে "মাছীহ" বলে স্বীকার করবে না ??!!

ওয়াইল্ড লাইফ এবং লাইভষ্টাক...

বন্যপ্রাণীদের দৈনন্দিন জীবন-যাপনে প্রতিক্রিয়া সৃষ্টি করার জন্য এ বিভাগে তৎপরতা শুরু করা হয়েছে। বিশেষত প্রাণীদের স্থান-পরিবর্তনের ক্ষেত্রে। লাইভষ্টাকের একটি স্বতন্ত্র বিভাগই রয়েছে প্রাণীদের নিয়ে গবেষণা ক্ষেত্রে। তাদের টার্গেট হচ্ছে- দুগ্ধ প্রদানকারী প্রাণীদের দেহে কৃত্রিম টিকা লাগিয়ে সময়ের পূর্বেই দুধ দেয়া থেকে বারণ করে দেয়া। পাশাপাশি এর মাধ্যমে স্তনের দুধ নষ্ট করে দেয়া হচ্ছে। আর জনসাধারণ বেশি দুধ পাওয়ার লোভে এ নকল টিকা গাভীর দেহে ব্যবহার করছে।

আজকাল প্রাণীদের দেহে টিকা লাগানোর কার্যক্রমটি জোরেশোরেই চলছে। দাজ্জাল আত্মপ্রকাশের পূর্বেই আন্তর্জাতিক সংস্থাগুলো মানুষদেরকে দুধ থেকে বঞ্চিত করার ষড়যন্ত্র করছে। যাতে করে দুর্ভিক্ষের সময় কারো কাছেই খাওয়ার মত কোন বস্তু বিদ্যমান না থাকে। যারফলে সকলেই দাজ্জালের খানা-পিনার মুকাপেক্ষী হয়ে যাবে। এটা হচ্ছে নিরেট দাজ্জালী প্রোগ্রাম। এমনকি তাদের নিদর্শনও শয়তানী প্রতিক্রিয়ার প্রতি ইঙ্গিত করে। যেমন- আপনি "লাইভষ্টাক এন্ড ডেরী ডেভলপমেন্ট"এর মনোগ্রামে তাকান- এটা হচ্ছে শয়তানের ছবি। এটাকে তারা টেবিলের সামনে রেখে সবসময় পূজা করে থাকে। সুতরাং মুসলমান জনসাধারণের প্রতি অনুরোধ- আপনারা স্বীয় গরু-গাভীর দেহে এসকল টিকা লাগিয়ে তার স্বভাবজাত শক্তিকে নষ্ট করবেন না।

জাদু... আত্নীকতার আকৃতিতে...

দাজ্জাল আত্মপ্রকাশের পূর্বে জাদু এবং শয়তানী তৎপরতাগুলোকে সরকারী পাঠ্যগত বিষয় আকারে পড়ানো হবে। বর্তমানে এক্ষেত্রেও জোরেশোরে তাদের তৎপরতা চালু রয়েছে। গোপন আত্মার সাথে কথা বলা শেখানো হচ্ছে। এরকম অসংখ্য পীর আছে; যারা একথার উপর মানুষকে বায়আত করে থাকে যে, পাঁচ ওয়াক্ত নামায ফরয হওয়ার আক্বীদা পোষন করা সঠিক নয়। অতপর সে কাশফের দাবী করে। আমাকে একজন নির্ভযোগ্য ব্যক্তি জানিয়েছে যে, এ ক্লিনশেভ পীরসাহেব হচ্ছে আমেরিকান। পাকিস্তানের সেনাঅফিসার ও তাদের স্ত্রী-সন্তানেরা দ্রুততার সাথে তার হাতে বায়আত হতে শুরু করেছে।

পেশোয়ারে আরো একজন জাদুগীর পীরসাহেব আছেন, যার মজলিসে মানুষ মাছের মত ছটফট করতে থাকে। আর মানুষেরা একে পীরসাহেবের কারামত মনে করে থাকে। অথচ শয়তানের সাহায্যে সে মানুষের উপর এরকম অবস্থার সৃষ্টি করে থাকে। সাবেক আফগান প্রেসিডেন্ট সিবগাতুল্লাহ-ও এদলের একজন বিশিষ্ট সদস্য। বর্তমানে সুইডেন হচ্ছে জাদুবিদ্যার মূল কেন্দ্রস্থল। ওখানে বসে বসে ইহুদী জাদুগীররা মুসলিম দেশগুলোর বিরুদ্ধে ষড়যন্ত্র করে চলেছে। বিভিন্ন প্রকার নিদর্শনের উপর জাদু মেরে এগুলোকে ঘরে ঘরে প্রবেশ করানো হচ্ছে। প্রতিটি নিদর্শনের প্রতিক্রিয়া ভিন্নরকম। নরওয়ে'র সামুদ্রিক অঞ্চলও বিভিন্ন প্রকার সাইন্সি এবং শয়তানী গবেষণার কেন্দ্রভূমি। মার্কিন গোয়েন্দা সংস্থা সি,আই,এ প্রতি বৎসর জাদুবিদ্যা এবং আত্নীয় বিষয়ে গবেষণার জন্য কোটি কোটি ডলার সরবরাহ করে থাকে। সি,আই,এ'র সাবেক ডাইরেক্টর "এ্যাডমল স্লীন ফিল্ড" ১৯৯৭ সালের ১৩ আগষ্ট সিনেটে ভাষন প্রদানকালে স্বীকার করেন যে, সি,আই,এ মানুষের অজান্তেই তাদের মস্তিস্কের কন্ট্রোল নিয়ে নিচ্ছে।

ঠিক তেমনি সাবেক মার্কিন প্রেসিডেন্ট বিল ক্লিনটনও ১৯৯৫ সালের এক উন্মুক্ত কনফারেন্সে স্বীকার করেন যে, মার্কিন প্রশাসন মস্তিস্কের উপর কন্ট্রোল এবং অন্যান্য চারিত্রিক বিষয়ে গবেষণার কাজে প্রায় পঞ্চাশ বৎসর যাবত লিপ্ত রয়েছে এবং সে এ ধরনের কাজের জন্য মানুষের সামনে লজ্জিত।

ম্যানট্রিয়াল কানাডা'র পুরাতন পার্কে অবস্থিত এক প্রাচীন বিল্ডিংয়ের ভেতরে একটি প্রোগ্রাম শুরু করা হয়েছিল। যার উদ্দেশ্য ছিল- মানুষের মস্তিস্কের উপর কন্ট্রোল প্রতিষ্ঠা করা। প্রোগ্রামটি বাস্তবায়ন করার জন্য "রফ ফেলার" Rock Feller" মোটা অংকের ফান্ড প্রদান করেছিল। সুতরাং সমস্ত মুসলমানদেরকে ঐসকল ভয়ানক পীর থেকে দূরে থাকা উচিত, যারা শরীয়তবিরোধী কার্যকলাপে লিপ্ত বা মডার্নাইযেশানের দিকে আহবানকারী। বিগত অধ্যায়ে বর্ণিত হয়েছে যে, কারো কারামত দেখে ধোকায় পড়া ঠিক নয়; বরং কোরআন-হাদিসের আলোকে তাকে পরখ করে নেয়া চাই।

শয়তানের পূজারী...(Sanatist)

বিগত অধ্যায়ে আপনি দাজ্জাল এবং ইবলিসের ব্যাপারে পড়ে এসেছেন যে, তারা উভয়েই মানুষ বন্ধুদের সাথে সবসময় যোগাযোগের মধ্যে থাকে এবং তাদেরকে নিয়মিত হেদায়েত দিয়ে থাকে। বর্তমান সময়ে যথারীতি এমন একটি দল বিদ্যমান; যারা প্রকাশ্যে শয়তানের (ইবলিসের) পূজা করে থাকে। দলটি আমেরিকা ও ব্রিটেনে শক্তিশালী অবস্থানে রয়েছে। পাশাপাশি তাদের অনেক অনুসারীও রয়েছে। সাবেক মার্কিন ভাইস প্রেসিডেন্ট ডিক চেনি এ দলের নেতৃস্থানীয় ব্যক্তিবর্গের একজন। সাবেক মার্কিন পররাষ্ট্রমন্ত্রী কন্ডোলিসা রাইস, ইরানের প্রেসিডেন্ট মেহমুদ আহমাদিনেজাদ, জর্ডানের শাহ আব্দুল্লাহ...এসকল ব্যক্তিবর্গও এদলের সাথে সম্পর্ক রাখে। ইয়াসির আরাফাতও শয়তানের পূজারী ছিল। মার্কিন চলচ্চিত্র সংস্থা "হলিউডে'র প্রসিদ্ধ অভিনেতা-অভিনেত্রীদেরও ধর্ম হচ্ছে শয়তানকে সন্তুষ্ট করা। ভারতীয় অভিনেতা অমিতাভ বচ্চন, মিসরের উমর শরীফ, প্রসিদ্ধ জাদুগীর ডিয়োড কপার ফিল্ড এবং সর্বকালের সেরা পরিবেশ নষ্টকারী মাইকেল জ্যাকসনও শয়তানের পূজারী। মাইকেল জ্যাকসনের প্রোগ্রামে শ্রোতারা অচেতন হয়ে পড়ে। প্রকৃতপক্ষে তাদের উপর শয়তান প্রতিক্রিয়াশীল হয়ে তাদেরকে অচেতন করে দেয়।

এটা হচ্ছে পূর্ণ একটি শয়তানী দল, তারা তাদের দৈনন্দিন জীবনে "গড" (God) শব্দটি অত্যাধিক হারে ব্যবহার করে থাকে। তারা ইবলিসকে স্বীয় খোদা হিসেবে গ্রহণ করে নিয়েছে। ইহুদী গোপন সংগঠন "ফ্রেমেসন"-ও মূলত দাজ্জালকেই খোদা মেনে থাকে এবং শয়তানকে পূজা করে থাকে। ফ্রেমেসনের ব্যাপারে যথেষ্ট গবেষণা ও অধ্যয়নের পর এবিষয়টি সামনে আসে যে, সে ইবলিস (Lucifer)কে খোদা মেনে থাকে। আমেরিকার সরকারী ধর্মও হচ্ছে শয়তানের পূজা করা। তাদের বক্তব্য- In God we Trust "আমরা খোদার উপর ভরসা রাখি" বাক্যটিতে তারা খোদা বলে দাজ্জালকে উদ্দেশ্য করে থাকে; খৃষ্টানদের খোদাকে নয়। এ দলের একমাত্র লক্ষ এবং টার্গেট হচ্ছে- ধর্মীয় (মানবতার) বিষয়গুলি নিশ্চিহ্ন করে সারা বিশ্বজুড়ে শয়তানী রীতি-নীতি এবং আচার আচরণে মানুষকে ডুবিয়ে দেয়া। মানুষকে পরিপূর্ণরূপে শয়তানী ঢংয়ে রূপান্তরিত করা। যিনা, মদ্যপান, জুয়া, সুদ, হত্যাযজ্ঞ, মানুষের গোশ্ত খাওয়া...ইত্যাদি সমস্ত বিষয়গুলোই হচ্ছে শয়তানী ধর্মের অংশবিশেষ। তবে এসব কিছুই করা হচ্ছে রূহানিয়্যাত তথা আত্মীকতার নামে।

শয়তানের পূজারী প্রায় সারাবিশ্বজুড়েই বিদ্যমান রয়েছে। বড় বড় শিল্পপতি এবং শহরের লোকদের থেকে এর সূচনা হয়ে থাকে। করাচী, লাহোর, ও ইসলামাবাদের নেতৃস্থানীয় এলাকাগুলোতে এদলটি বিদ্যমান রয়েছে। ফিল্মী (চলচ্চিত্র) ইন্ডাষ্ট্রিগুলোর দায়িত্বে থাকা লোকজন অতিদ্রুত শয়তানী ধর্মের অনুসারী হয়ে যায়। কেননা, তারাই শয়তানী চাহিদাকে একটি সুন্দর আকৃতি বানিয়ে মানুষের সামনে পেশ করে থাকে। কতিপয় কমেডি ড্রামা নির্মাণকারী ব্যক্তিবর্গও এ ধর্মের অনুসারী। কয়েকজন নির্ভরযোগ্য ব্যক্তিবর্গ আমাকে জানিয়েছে যে, তারা কিছু কিছু ড্রামায় শয়তানের ইন্টারভিউ পর্যন্ত করেছে। অধিকাংশ দেশের উর্ধ্বতন সেনাঅফিসারদের স্ত্রী-কন্যাদেরকে এ ধর্মে দ্রুত অন্তর্ভুক্ত হতে লক্ষ করা গেছে।

শয়তানের পূজাকারীদের সদর দফতর হচ্ছে আমেরিকায়। ব্রিটেনেও যথারীতি এ ধর্মের অনেক দফতর বিদ্যমান রয়েছে। সাম্প্রতিক সময়ে একজন ব্রিটিশ নৌঅফিসার শয়তানের পূজা করার জন্য যথারীতি সরকারী অনুমতিও অর্জন করে ফেলেছে। তাদের উপাসনার নিয়ম হচ্ছে- রাতের মধ্যভাগে সকল পুরুষ-মহিলা কালো পোশাক পরে একস্থানে একত্রিত হয়। পোশাকের উপর শয়তানী চিহ্ন (লোগো) ও শয়তানী ছবি আঁকা থাকে। গলায় বিশেষ ধরনের এক শিকল এবং তামা লটকানো থাকে। সবাই গোল হয়ে দাড়িয়ে মাঝখানে মানুষের মাথার একটি কঙ্কাল রাখে। কঙ্কালের চারপাশে আগুন জালিয়ে দিয়ে অত্যন্ত শক্ত আওয়াজে মিউজিক চালু করা হয়। নেশাসৃষ্টিকারী ঔষধ খেয়ে সকলেই (পুরুষ-মহিলা) একজন আরেকজনের হাত ধরে আগুনের আশেপাশে ঘুরে ঘুরে নাচতে থাকে। অতপর প্র্যাকটিক্যাল পর্যায়ে শয়তানকে সন্তুষ্ট করার কার্যক্রম শুরু হয়ে যায়। তাদের বিশ্বাস হচ্ছে- যতবেশি মদ্যপান এবং যিনায় লিপ্ত হবে, তত বেশি শয়তান সন্তুষ্ট হবে। তাদের মতে- যিনার কাজে নিজের মা, কন্যা, বোন সকলেই একসমান। এদের মধ্যে বিচ্ছিন্নতা সৃষ্টি করা মানবস্বাধীনতায় অন্তরায় সৃষ্টি করার শামিল। আর তাই স্ত্রীদের পরিবর্তন করা (একজনের স্ত্রী আরেকজনকে সাময়ীকভাবে দেয়া) এমনকি চাকরীতে প্রমোশন লাভের জন্য স্বীয় স্ত্রী-কন্যাদেরকে অফিসারদের কাছে পাঠিয়ে দেয়া...ইত্যাদি ব্যাপারগুলো তাদের কাছে নিতান্তই সাধারণ বিষয়। (আল্লাহর সকল লা'নত বর্ষিত হোক এমন শিক্ষিত ব্যক্তিদের উপর, যারা নারীজাতিকে ইসলামের সমুন্নত স্থান থেকে নামিয়ে অপমান ও লাঞ্ছনার গহীন গর্তে নিক্ষেপ করে দিয়েছে)

যদি মানবতার এ দুশমনদের এ বিশ্বাস নাও থাকে, তবুও একথায় কি সন্দেহ থাকতে পারে যে, শয়তান তো প্রত্যেক ঐ কাজেই সন্তুষ্ট হয়; যা মানুষকে মানুষ্যের স্তর থেকে পশুত্বের স্তরে নামিয়ে দেয়। আল্লাহ এবং আল্লাহর রাসূলের অনুসারীরা তাদের বন্ধুতে রূপান্তরিত হয়ে যায়। এ শয়তানী দলটির কার্যক্রম শুধু এতটুকুর ভেতরেই সীমাবদ্ধ নয়; বরং এসকল যুবকদেরকে মদ এবং যুবতীদের মাধ্যমে এমন পাগল করা হয় যে, সে তা অর্জনের জন্য যে কোন ত্যাগ স্বীকার করতে প্রস্তুত হয়ে যায়। আর তাই ইসরায়েলের গোপন এজেন্সি "মোসাদ, ব্রিটিশ M-15 এবং ডিক চেনির ব্লেক ওয়াটারের মত গোপন সংগঠনগুলো এদেরকে পয়সার বিনিময়ে কিলার হিসেবে ব্যবহার করে থাকে। শয়তানের আহবানগুলো বর্তমান সময়ে অত্যন্ত গুরুত্ব সহকারে প্রচার-প্রসার করা হচ্ছে। ফিল্ম, ড্রামা, টেলিভিশন এ্যাড এবং বিশেষত বাচ্চাদের কার্টুনেও শয়তানী চিহ্নগুলোকে পরিচিত এবং প্রিয় করে তুলা হচ্ছে।

সাইনবোর্ড এবং টেলিভিশন বিজ্ঞাপন...গোপন সংকেত

সড়কের সাইডে ব্যানার/সাইনবোর্ড, দোকানের সাইনবোর্ড এবং অন্যান্য এ্যাডসমূহে আপনি আশ্চর্য ও বিরল প্রকৃতির বাক্য লেখা দেখতে পাবেন, যা ঐ বিজ্ঞাপনের সাথে সম্পূর্ণ বেমানান। যেমন- সিগারেট কোম্পানীর একটি বিজ্ঞাপন, কিন্তু তাতে লেখা রয়েছে- "I am present and I am moving on "আমি বিদ্যমান রয়েছি এবং আমি তৎপর রয়েছি"। একটু চিন্তা করুন- বিজ্ঞাপনটি সিগারেটের, কিন্তু বাক্যটিতে কিসের ইঙ্গিত!!। অপর একটি সিগারেট কোম্পানীর বিজ্ঞাপনে- was I am I will be "আমি গতকালও ছিলাম, আজও আছি এবং আগামীতেও থাকব"

এগুলো বাস্তবে গোপন সংকেত বহন করছে, যা দাজ্জালের আত্মপ্রকাশের সাথে সম্পৃক্ত। এমনিভাবে বিভিন্ন ঢংয়ে বিভিন্ন উপায়ে বিভিন্ন সংকেতের মাধ্যমে মানুষের কাছে বার্তা প্রেরণ করা হচ্ছে। যেমন- উদীয়মান সূর্য, লেজবিশিষ্ট তারকার ছবি, দুষিত চোখ, লাল-নীল রং এবং ফিল্ম-গানের মাধ্যমেও এসকল বার্তা প্রেরণ করা হচ্ছে। আপনি যদি চিন্তা করেন- তবে আপনার মনে হবে যে, আপনি এক রহস্যময় পৃথিবীতে বাস করছেন। গোপন ইঙ্গিতসমূহ... গোপন বার্তাসমূহ...গোপন সংকেতসমূহ... চতুর্দিকে ভাসমান দেখা যাচ্ছে।

নষ্টারডেমাস"এর ভবিষ্যদ্বাণী ? নাকি আবূ হুরায়রা রা. এর পান্ডুলিপি !!!

ভবিষ্যদর্শীদের মধ্যে আপনি নষ্টারডেমাসের উদৃতি অসংখ্যবার শুনে থাকবেন। ভবিষ্যদ্বাণীর ব্যাপারে তার উদৃতি খুব গুরুত্বের সাথে বিবেচিত হয়ে থাকে। নষ্টারডেমাস খৃষ্টাব্দ পনেরদশক থেকে নিয়ে কেয়ামত পর্যন্ত ঘটিত সকল বিষয় সম্পর্কে ভবিষ্যদ্বাণী করে গেছে। সাধারণত লোকমুখে একটি কথা প্রসিদ্ধ যে, তার অধিকাংশ ভবিষ্যদ্বাণীই সত্য বলে প্রমাণিত হয়েছে। তৃতীয় বিশ্বযুদ্ধ এবং দাজ্জালের ব্যাপারেও তার ভবিষ্যদ্বাণী বিস্তারিতভাবে বিদ্যমান রয়েছে।

এখানে তার ভবিষ্যদ্বাণীগুলো বর্ণনা করা আমাদের উদ্দেশ্য নয়; বরং সমাজের শিক্ষিত শ্রেণীর লোকদেরকে একথার জানান দেয়া যে, যেসকল ভবিষ্যদ্বাণী স্বরচিত বলে সে প্রচার করেছে, আসলে সেগুলো কি বাস্তবেই তার রচিত ?? নাকি সে (নষ্টারডেমাস) নবী করীম সা. এর বাক্যসংরক্ষণকারী প্রখ্যাত সাহাবী হযরত আবূ হুরায়রা রা.এর পান্ডুলিপি থেকে ভবিষ্যদ্বাণীগুলো চুরি করে হাদিসগুলোকে নিজের নামে চালিয়ে দিয়েছে।

সহীহ হাদিস দ্বারা একথা প্রমাণিত যে, নবী করীম সা. কেয়ামত পর্যন্ত ঘটিত সকল ঘটনা সাহাবায়ে কেরামের কাছে বর্ণনা করে গেছেন। হযরত হুযায়ফা রা. বলেন- একদা নবী করীম সা. আমাদের সামনে দাড়ালেন এবং কেয়ামত পর্যন্তের জন্য ঘটিত সকল ঘটনার বিস্তারিত বিবরণ আমাদের সামনে পেশ করলেন। যারা নবী করীম সা. এর কথাগুলোকে স্মরণ রাখার ইচ্ছা করেছে, স্মরণ রেখেছে। যারা ভুলে গেছে, তাদেরকে ভুলিয়ে দেয়া হয়েছে। (আবূ দাউদ)

অন্য বর্ণনায় হযরত হুযায়ফা রা. বলেন- "আল্লাহ শপথ! রাসূলে কারীম সা. কেয়ামত পর্যন্ত ঘটিত এমন কোন ফেতনাকে ছাড়েননি, যা তিনি আমাদের সামনে বর্ণনা করেননি। এর সাথীদের সংখ্যা তিনশ বা তিনশ থেকে কিছু বেশি হবে। নবী করীম সা. ফেতনার বর্ণনার সময় ফেতনাসৃষ্টিকারীর নাম, তার পিতার নাম এমনকি তার গোত্রের নামও পর্যন্ত বর্ণনা করেছিলেন।" (আবূ দাউদ)

হযরত আবূ হুরায়রা রা. বলতেন- "আমি রাসূলে কারীম সা.থেকে পাওয়া দুটি জ্ঞান থেকে একটিকে প্রকাশ করে দিয়েছি আর অপরটিকে গোপন করেছি। আমার ভয় হয়- আমি যদি তা বর্ণনা করে দেই, তবে মানুষেরা আমার দেহ থেকে মাথা আলাদা করে ফেলবে।

এ হাদিসগুলোকে আবূ হুরায়রা রা. লেখে নিয়েছিলেন। কিন্তু কিতাবটির কোন হদিস পরবর্তীতে পাওয়া যায়নি। যদিও ভবিষ্যদ্বাণী সম্বলিত বড় বড় কিতাবাদী সলফে সালেহীন কর্তৃক বর্ণিত রয়েছে। যেমন- ইমাম আব্দুর রহমান বিন মাহদী কর্তৃক রচিত السنة والفتن , নুআইম বিন হাম্মাদ কর্তৃক রচিত الفتن, আব্দুল্লাহ বিন মুহাম্মদ বিন শাইবা কর্তৃক রচিত الفتن, খলীল বিন ইসহাক কর্তৃক রচিত الفتن, আবূ উমর দানী কর্তৃক রচিত السنن الواردة في الفتن, আল্লামা কুরতুবী কর্তৃক রচিত التذكرة, হাফেয ইবনে কাছীর রহ. কর্তৃক রচিত النهاية في الفتن والملاحم এবং আল্লামা জালালুদ্দীন সূয়ূতী রহ. কর্তৃক রচিত الحصر والإشاعة في أشراط الساعة এবং العرف الوردي في أخبار المهدي উল্লেখযোগ্য। শুধুমাত্র হিজরী দশম শতাব্দী পর্যন্ত এ বিষয়ে রচিত গ্রন্থাদীর সংখ্যা বাইশটিরও উপরে।

মুহাম্মদ ঈসা দাউদের মন্তব্য- নষ্টারডেমাসের পিতামহের কাছে আবূ হুরায়রা রা.-র ঐ কিতাবটি হস্তগত হয়েছিল। পাশাপাশি নষ্টারডেমাসের উপর গবেষণাকারীগণও এ বিষয়টি মেনে নিয়েছেন যে, প্রাচীন যুগের কিছু কিতাবাদী তার হস্তগত হয়ে গিয়েছিল।

দ্বিতীয়ত- এটিও একটি বাস্তব তথ্য যে, উম্মাতে মুসলিমার জ্ঞান-ভান্ডারে ইহুদী সম্প্রদায় ডাকাতি করেছে। "হালাকো খান" কর্তৃক বাগদাদ ধ্বংসের সময় (১২৫৮) প্রত্যেক বিষয়ের গুরুত্বপূর্ণ কিতাবাদী

ইহুদীরা লুট করে নিয়েগিয়েছিল। ইহুদী সম্প্রদায় কর্তৃক বাগদাদের সাথে একই আচরণ সাম্প্রতিক মার্কিন আগ্রাসনকালেও করা হয়। ঐতিহাসিক জ্ঞান-ভান্ডার তারা বাগদাদের লাইব্রেরীসমূহ থেকে লুট করে নিয়ে গেছে। ঐ ইতিহাসগুলোকেই তারা নিজেদের নামে ছাপিয়ে প্রচার করেছে।

সালফে সালেহীনের কিতাবগুলোর মধ্যে- নুআইম বিন হাম্মাদ কর্তৃক রচিত الفتن , আবূ উমর দানী কর্তৃক রচিত السنن الواردة في الفتن, আল্লামা কুরতুবী কর্তৃক রচিত التذكرة, হাফেয ইবনে কাছীর রহ. কর্তৃক রচিত النهاية في الفتن والملاحم, আলী বিন হুছামুদ্দীন হিন্দী কর্তৃক রচিত كنز العمال এবং البرهان في علامات المهدي بآخر الزمان , আল্লামা জালালুদ্দীন সূয়ূতী রহ. কর্তৃক রচিত العرف الوردي في أخبار المهدي, মুহাম্মদ ঈসা দাউদ কর্তৃক রচিত المسيح الدجال يغزو العالم من مثلث برمودا অধ্যয়ন করে লেখক ধন্য হয়েছেন। এগুলো হচ্ছে ঐ সকল কিতাব, যেগুলিতে কেয়ামত পর্যন্তের জন্য ঘটিত সকল ঘটনাবলী সম্বলিত নবী করীম সা.এর হাদিস এবং সাহাবায়ে কেরামের আছারকে বিশালাকারে একত্রিত করা হয়েছে। এসকল কিতাব অধ্যয়নের পর যখন আপনি নষ্টারডেমাসের ভবিষ্যদ্বাণীগুলো পড়বেন, তখন মুহাম্মদ ঈসা দাউদের দাবী যুক্তিসঙ্গতই মনে হবে যে, নষ্টারডেমাসের ভবিষ্যদ্বাণীগুলোতে এমন কোন নতুন কথা বিদ্যমান নেই; যা উল্লেখিত কিতাবাদীর হাদিসসমূহে বা সাহাবায়ে কেরামের বাণীগুলোতে অতিবাহিত হয়নি।

তন্মধ্যে কতিপয় হাদিস এবং আছার লেখক তার "তৃতীয় বিশ্বযুদ্ধ এবং দাজ্জাল" গ্রন্থে বর্ণনা করেছিলেন। এখানে নষ্টারডেমাসের ভবিষ্যদ্বাণীগুলো উল্লেখ করা হচ্ছে শুধুমাত্র মুসলমানদেরকে একথার জানান দেয়ার জন্য যে, এগুলো হচ্ছে সাহাবায়ে কেরাম রা. কর্তৃক রেখে যাওয়া জ্ঞান-ভান্ডার থেকে চুরিকৃত কিছু বিদ্যা; যা নষ্টারডেমাস নিজের নামে প্রচার করার চেষ্টা করেছে। অন্যথায় মুসলমান হিসেবে একজন জ্যোতিষির কথা আমরা কখনোই বিশ্বাস করবনা। কারণ, নবী করীম সা. কোন জ্যোতিষির কথা বিশ্বাস ও তার কাছে আসা-যাওয়া করা থেকে নিষেধ করেছেন।

দাজ্জালের ব্যাপারে নষ্টারডেমাসের ভবিষ্যদ্বাণীসমূহ...

নষ্টারডেমাস ১৫০৩ সালে "সিনেটরেমি"তে (দক্ষিণ ফ্রান্স) একটি ইহুদী পরিবারে জন্মগ্রহণ করে। তার রচিত ভবিষ্যদ্বাণীগুলো ১৫৫৫ সালে ছাপানো হয়। এর কয়েক বৎসর পূর্বে ইটালী থেকে কিছু পুস্তক প্রকাশিত হয়। আমরা "মাইকেল রেথ ফোর্ড" কর্তৃক সর্বশেষ প্রকাশিত গ্রন্থ (THE NOSTRADAMUS CODE)এর অনুবাদ পেশ করছি। এ ব্যাপারে ইহুদীদের পক্ষ থেকে বলা হয়েছে যে, এগুলো মিথ্যা, মনগড়া ও বানোয়াট বিষয় :-

5:13 আলো বিস্ফোরণের ফলে সৃষ্ট ভয়ানক মহাক্ষতিসমূহ...

তৃতীয় বিশ্বযুদ্ধে এমনসব অস্ত্র ব্যবহার করা হবে, যার মাধ্যমে আকাশে ভয়ানক ও বিশালাকারের ধামাকা হবে। রাত্রীকালে এক রাসায়ণিক বা লেজার অস্ত্র ব্যবহার করা হবে; মানুষের মনে হবে- যেন তারা রাতে সূর্য দেখে ফেলেছে। বিস্ফোরণটি থেকে বিরাট বড় জ্যোতির সৃষ্টি হবে। (سنيچري-1

(-64رباعي

5:14 আন্তর্জাতিক সন্ত্রাসবাদের মাধ্যমে কুটনৈতিক সম্পর্কের অবসান...

শক্তিশালী অস্ত্র-সস্ত্র আবিস্কারের ফলে বিভিন্ন দেশের মাঝে কূটনৈতিক সম্পর্ক ছড়িয়ে পড়বে। জাতিসংঘকে খতম করে দেয়া হবে। কেননা, যে সকল দেশ শক্তিশালী অস্ত্রগুলো তৈরী করবে, তারা স্বীয় টেকনোলোজী সম্পর্কে অন্যকে অবহিত করতে চাইবেনা। এভাবেই বিশ্বব্যাপি সন্ত্রাসবাদ ছড়িয়ে পড়বে।

5:15 অত্যাধুনিক আলোর মাধ্যমে ব্যাপক হত্যাযজ্ঞ...

জ্যোতিকে ব্যবহার করে এক আধুনিক অস্ত্র তৈরী করা হবে। বিশেষ এক ফ্রিকোয়েন্সির উপর এধরনের আলো নিক্ষেপের মাধ্যমে মস্তিস্ককে কষ্টে ফেলে দেয়া হবে। যা অত্যন্ত কষ্টকর হবে এবং মানুষের মস্তিস্ককেও সম্পূর্ণরূপে অকেজো করে দেয়ার ক্ষমতা রাখবে। (2-
(-سنيچري 2رباعي

5:16 বংশ নিয়ে মানুষের গবেষণা এবং উন্নতি...

তৃতীয় বিশ্বযুদ্ধে অত্যন্ত ভয়ানক বিষয়গুলো নিয়ে গবেষণা করা হবে, যার মাধ্যমে মানুষের বংশকে পরিবর্তন করে দেয়া যাবে। গবেষণাটি বিশ থেকে শুরু হবে। বৈজ্ঞানিকগণ এ গবেষণায় লিপ্ত থাকবে যে, কিভাবে প্রাচীন যুগের যুদ্ধবাজ মানুষদের শক্তিকে পূণরায় অর্জন করা যায়!! যাতে মানুষের মস্তিস্ককে অত্যন্ত চতুরতার সাথে কাজে লাগানো যায় এবং তা রণাঙ্গনে সৈন্যদের কাজে আসে। বিভিন্ন দেশের সরকার একে যুদ্ধের মধ্যে ব্যবহার করবে। বৈজ্ঞানিকগণ সাধারণ মানুষ এবং তৈরীকৃত মানুষদের যোগ্যতাগুলোকে পরস্পর যাচাই করবে।

এসকল কার্যক্রম তৃতীয় বিশ্বযুদ্ধের সময় হবে। তখন রাশিয়া, চীন, আমেরিকা এবং অন্যান্য রাষ্ট্রগুলোতে সামাজিক বিচ্ছিন্নতা দেখা দেবে। তাদের কাছে এ পরিমাণ স্বর্ণ বিদ্যমান থাকবে যে, এর মাধ্যমে তারা এগুলোর গবেষণার খরচ বহন করতে পারবে। একজন সন্ত্রাসবাদের গডফাদার (King of Terror)এসকল ব্যাপারকে পর্দার আড়ালে থেকে ব্যবহার করবে। ঐ গডফাদারের আয়ত্বে অত্যন্ত শক্তিশালী এবং গোপন শক্তি বিদ্যামন থাকবে এবং বিশ্বের অধিকাংশ রাষ্ট্রের সরকারী ব্যবস্থাপনা তার ইশারায় পরিচালিত হবে।

(10-ســــــــــــــنيچري
(-72رباعي

বংশ নিয়ে গবেষণাকারী বৈজ্ঞানিকদের যন্ত্রণাদায়ক ও ভয়ানক মৃত্যু...

বিচ্ছিন্নতার যমানায় কতিপয় বৈজ্ঞানিক বিশেষ ধরনের এক শক্তিশালী অস্ত্র আবিস্কার করবে। নিজেদের পেট রক্ষার্থে তারা আন্তর্জাতিক যুদ্ধসমূহ থেকে অজ্ঞাত থাকবে। "বাজী উল্টে যাওয়ার পর" তারা পরাজিতদের দলে থাকবে। বিজয়ী জাতির সামনে তাদের মৌলিত্বের রহস্য উন্মুচিত হয়ে যাবে। এ ধরনের গবেষণায় কে কতটুকু অংশগ্রহণ করেছিল এর উপর ভিত্তি করে তাদের পরিণাম ধার্য করা হবে। কয়েকজনকে যন্ত্রণাদায়ক ও ভয়ানকভাবে হত্যা করে দেয়া হবে।

বিশেষত তিনজন বৈজ্ঞানিক, যাদের নামের অংশ যথাক্রমে (K) (Th) এবং (L)থাকবে, তারা রহস্যময় মৃত্যুর সম্মুখীন হবে। তাদের মৃত্যুর কারণ এই হবে যে, তারা মানুষের বংশ নিয়ে গবেষণার

ব্যাপারে উল্লেখযোগ্য ও নেতৃস্থানীয় ব্যক্তি ছিল। এধরনের গবেষণায় অনেক বৈজ্ঞানিকই অংশগ্রহণ করবে, তন্মধ্যে নয়জন তৃণমূল পর্যায়ের থাকবে। গবেষণাটি Os এর মধ্যে শুরু হয়ে বিচ্ছিন্নতার সময় গিয়ে পরিপূর্ণতা লাভ করবে। (1-سنيچري 81رباعي-)

অধ্যায় নং- ৬ । তৃতীয় বিশ্বযুদ্ধ :-

6:16 ভয়ংকর যুদ্ধ, শক্তিশালী অস্ত্র, ব্যাপক হত্যাযজ্ঞ, হাহাকার - মৃত্যু...

পশ্চিমা দেশসমূহের জাগ্রত অবস্থান, বিশ্বযুদ্ধের বিষয়বস্তু পরিবর্তন এবং যোগাযোগ ব্যবস্থা উন্নতির ফলে যুদ্ধ থামানো সম্ভব হতে পারত। কেননা, যে কোন সভ্যতায় যদি ঐশী বিপদ আবর্তিত হয়, তাহলে তা যুদ্ধবিজয়ের প্রতিক্রিয়াকে হ্রাস করে দেয় এবং ঐশী বিপদাপদের কারণেও যুদ্ধ থামানো যায়।

(2-ســـــــنيچري 40رباعي-)

তৃতীয় বিশ্বযুদ্ধ :-

বিচ্ছিন্নতার যমানায় অনেক বড় বড় স্থলযুদ্ধ, সামুদ্রিক যুদ্ধ এবং আকাশযুদ্ধ সংঘটিত হবে। গোপন শক্তিশালী অস্ত্র যখন জনসমক্ষে প্রকাশিত হবে, তখন তা বিশ্বজুড়ে আলোড়ন সৃষ্টি করে ফেলবে এবং পৃথিবীকে এক মহাশংকায় ফেলে দেবে। (8-سنيچري 17رباعي-)

দাজ্জাল এধরনের ভয়ানক অস্ত্র ব্যবহারের পাশাপাশি পরিবেশ দূষনকারী জীবাণূ অস্ত্রও ব্যবহার করবে। যারফলে মানুষের মধ্যে ক্ষুধা, অভাব-অনটন এবং প্রাকৃতিক বিপর্যয় দেখা দেবে। এধরনের অস্ত্রগুলি অত্যন্ত বিষাক্ত এবং ব্যাপক মৃত্যুর কারণ হয়ে দাড়াবে। (2-سنيچري 18رباعي-)

দাজ্জাল যখন পশ্চিমা দেশগুগুলোকে আয়ত্ব করতে থাকবে, তখন রাসায়ণিক অস্ত্র পৃথিবীতে এমন ধ্বংসাত্মক পরিস্থিতির সৃষ্টি করবে, যেমন- বৈদ্যুতিক কোন বস্তু মাটিতে পতিত হওয়ার ফলে সৃষ্টি করে থাকে। যারফলে বিষাক্ত বৈদ্যুতিক স্ফুলিঙ্গের মত বৃষ্টি বর্ষন হবে। এমন সব হাতিয়ার, যা আমাদের কল্পনারও বাইরে। এমন হত্যাযজ্ঞ ও ধ্বংস ছড়িয়ে দেয়া হবে, যা পৃথিবী ইতিপূর্বে কখনো প্রত্যক্ষ করেনি। সর্বত্র শুধু মানুষের লাশ আর লাশ দেখা যাবে। ভূমি মানুষের এ লাশগুলো নিয়ে ক্রন্দন করতে থাকবে। দাজ্জাল এতই শক্তিশালী, চরমপন্থী এবং ভয়ানক হবে যে, বিশ্বের রাষ্ট্রপ্রধানগণ তার ভয়ে ভীত হয়ে পড়বে। তারা দাজ্জালের বিপরীতে কিছুই করতে সক্ষম হবেনা। পৃথিবীর সকল সভ্যতা একেবারে মাটির সাথে মিশিয়ে দেয়া হবে।

(3-سنيچري 19رباعي-)

যখনই দাজ্জাল কোন রাষ্ট্র আয়ত্ব করতে চাইবে, তখনই সেখানে অগণিত ও ব্যাপক হত্যাযজ্ঞ ছড়িয়ে দেবে। যাতে কোনপ্রকার বাধাবিপত্তি ছাড়াই সবকিছু সে আয়ত্বে নিয়ে নিতে পারে। তার ধ্বংসাত্মক কর্মকান্ডের সামনে পেছনের সকল ধ্বংসাত্মক কর্মকান্ড ছেলেখেলা মনে হবে। যেমন হিটলার রক্তের নদী বইয়ে দিয়েছিল, দাজ্জালও রক্ত এবং দুধের সাগর বইয়ে দেবে।

6:2 মধ্যপ্রাচ্যে রাসায়ণিক শঙ্কা...

মধ্যপ্রাচ্যে এক মহা রাসায়ণিক (বিস্ফোরণ) শঙ্কা ভর করবে। আক্রমণকারীরা পূর্বেথেকে আক্রমণ না করার প্রতিশ্রুতি ভঙ্গ করে আক্রমণ করে দেবে। তখন সেখানে অবস্থিত অন্যান্য শক্তিসমূহের সামুদ্রিক জাহাজগুলিও মারাত্মক ক্ষতির সম্মুখীন হবে। রাসায়ণিক জ্যেতি ব্যবহারের ফলে মানুষ, প্রাণী এবং ঋতুর উপর যে কুপ্রভাব পড়বে, তাতে সমুদ্রের পানি পর্যন্ত লাল হয়ে যাবে। বিশালাকৃতির অগ্নিস্ফুলিঙ্গ বিস্ফোরণের মাধ্যমেও এ প্রভাব পড়তে পারে। যারফলে মানবদেহ পানির উপর সাতার কাটতে দেখা যাবে। এসকল মহাবিস্ফোরণ আর প্রাকৃতিক পরিবর্তনসমূহের ফলে সমুদ্র তার রাস্তা পরিবর্তন করে দেবে। যারফলে পৃথিবীর মাথাপিছু মানচিত্র পরিবর্তন হয়ে যাবে। ঐ সময় আমেরিকাতে ডেমোক্রেটিক প্রার্থী প্রেসিডেন্ট থাকবে। সে তখন জীবনকে অবসর দেয়ার কাজে ব্যস্ত থাকবে।

6:3 ভূমধ্য সাগর (Mediterranean Sea)এর গুরুত্ব এবং "জাবালে তারেক" যুদ্ধ...

ভূমধ্য সাগর প্রোগ্রাম এবং জাবালে তারেক যুদ্ধের সময় দাজ্জাল "মোনাকো" (Monaco)দখল করে নেবে। এ জায়গাটিকে দাজ্জাল ইটালী এবং দক্ষিণ ইউরোপে আক্রমণ করার জন্য ব্যবহার করবে। রাজপূত্র রেইনার'এর স্থলাভিষিক্ত (তার ছেলে)কে বিরুদ্ধাচারণের কারণে বন্দী করে ফেলা হবে।

(-سنیچري 10رباعي-3)

6:5 নিউয়োর্ক এবং লন্ডনে জীবাণূ আক্রমণ এবং যুদ্ধ...

নিউয়োর্ক এবং লন্ডনে বায়োলোজিক অস্ত্রের মাধ্যমে আক্রমণ করা হবে, যা ওখানকার অধিবাসীদে জন্য মারাত্মক ধ্বংস ডেকে আনবে। আক্রমণটি জীবাণূ বা বিষাক্ত রোগ ছড়িয়ে দেয়, এমন অস্ত্রের মাধ্যমে করা হবে। নিউয়োর্ক এবং লন্ডনে এ ভয়ানক জীবাণূ প্রসারক হাতিয়ার ছড়িয়ে দেয়া হবে। এ ধরনের অস্ত্রের অবস্থা এবং প্রকৃতি ভিন্ন রকম হওয়ার ফলে উভয় শহরেই মারাত্মক কুপ্রতিক্রিয়া সৃষ্টি হবে। অবস্থাদৃষ্টে মনে হবে যে, ওখানে মহামারী ছড়িয়ে পড়েছে। অথচ তা একটি সুসংগঠিত শক্তির পক্ষ থেকে নিক্ষেপ করা হবে। মারাত্মক ধরনের এক বিকট আওয়াজের ফলে ওখানকার শহরগুলোর ভিত্তি দুর্বল হয়ে পড়বে। যারা ওই শহরগুলোর আশেপাশে আবাদী থাকবে, তারা শংকা ও ভয়ের কারণে শহরগুলোতে খাদ্যদ্রব্য পৌছানো থেকে বিরত থাকবে। যারফলে শহরের বাসিন্দারা ক্ষুধা ও অভাবের তাড়নায় ছটফট করে মৃত্যু বরণ করবে।

মানুষেরা শহরের দোকানগুলোতে আক্রমণ করে সমস্ত মালামাল লুট করে নেবে। সিপাইগণ তাদেরকে মারধর করবে। সরকার চেষ্টা করবে যে, অবশিষ্ট খাদ্যদ্রব্যগুলোকে যাতে সঠিক রূপে বন্টন করে দেয়া হয়। কিন্তু জনসাধারণ তড়িঘড়ি করতে চাইবে এবং খোদার কাছে সাহায্যের আবেদন জানাবে।

(-سنیچري 6رباعي-2)

6:6 দাজ্জাল কর্তৃক ইউরোপ দখল...

বিগত প্রজন্মে দাজ্জাল সারাবিশ্বের উপর শাসন প্রতিষ্ঠার বিষয়ে প্রতিশ্রুতি করে গিয়েছিল। কালের বিবর্তন পরবর্তী জীবনে তার ওই আশা বাস্তবায়ন করার অনুমতি দেয়। তার ঐ শয়তানী শক্তিকে একমাত্র পূণ্যের মাধ্যমেই থামানো সম্ভব। সে তার শক্তির সূচনা নিম্নস্তর থেকে শুরু করবে। পরে উন্নতি করতে করতে সর্বোচ্চ স্তরে উঠার চেষ্টা করবে।

মাছীহ দাজ্জাল স্বীয় শক্তিকে অন্যায়ের পথে ব্যবহার করা সত্তেও সে সারা দুনিয়ার বাদশাহ হয়ে যাবে। তার শক্তি এবং ভাবমূর্তি তার নামের মাহাত্ম প্রকাশ করবে। তার নাম সম্পর্কে অনেক মানুষ জ্ঞাত থাকবে, যারা প্রাচীন যুগের ইতিহাস সমূহকে স্মরণ রাখবে। (1-

سنیچری 76رباعي-)

মাছীহ দাজ্জাল হিটলার থেকেও বেশি অনিষ্টকর হবে। প্রাথমিক পর্যায়ে সে মধ্যপ্রাচ্যে অবস্থান করবে। সে তার জীবনের চরম ব্যর্থতম অবস্থানে থাকবে। ঐ সময় মধ্যপ্রাচ্যে অনেক অন্যায়-অবিচার, রাজনৈতিক দলাদলি এবং অনেক কাটাছেড়া। পরিবেশগুলো তার উপর প্রতিক্রিয়া সৃষ্টি করছে এবং তার জন্য স্বীয় স্থানগুলো স্মরণ হতে শুরু করেছে। (2-
سنیچری 75رباعي-)

তৃতীয় বিশ্বযুদ্ধ চলাকালে সামুদ্রিক বাণিজ্যপথ এবং সাধারণ ব্যবসা-বানিজ্য মারাত্মক ক্ষতিগ্রস্থের সম্মুখীন হবে। যদিও কতিপয় রাষ্ট্রে গম-আটা ইত্যাদি যথেষ্ট পরিমাণে মজুদ থাকবে, কিন্তু তা এত দর ও দামী হবে যে, ক্রয় করার সাধ্য কারো থাকবেনা। যে সকল রাষ্ট্রে দুর্ভিক্ষ দেখা দেবে, সেখানে লোকেরা বেঁচে থাকার লক্ষে মানুষের গোশ্ত খাওয়া শুরু করবে। পাশাপাশি অপর কতিপয় রাষ্ট্রের কাছে গম-আটা ইত্যাদি খাদ্যদ্রব্য প্রচুর পরিমাণে বিদ্যমান থাকবে, কিন্তু তারা তা বিক্রি বা রপ্তানী করার সুযোগ পাবেনা। কেননা, যুদ্ধ চলাকালে এক স্থান থেকে অন্য স্থানে মালামাল ট্রান্সফার করার মধ্যে বিরাট ঝুকি ও প্রাণনাশের শঙ্কা রয়েছে। (8-
سنیچری 77رباعي-)

সে তার সকল পদক্ষেপে সফল হতে থাকবে। কিন্তু তা ভয়ানক অস্ত্র ব্যবহারের মাধ্যমে। আর এ অস্ত্র-সস্ত্র "নিউক্লিয়ার শক্তি" পরবর্তীতে কাজে লাগানোর জন্য রেখে দেবে। জীবিত লোকেরা মৃতদেরকে দাফন করার সুযোগ পর্যন্ত পাবেনা। তখন লোকেরা সম্মুখ মৃত্যু দেখে অভ্যস্ত হয়ে পড়বে। তারা মৃত্যুকে ভয় করবেনা।

না গাদ্দাফী; না আয়াতুল্লাহ খামিনী দাজ্জাল। বরং সে ওখানকার সরকারী ব্যবস্থাপনার দুর্বলতার সুযোগ নিয়ে আত্মপ্রকাশ করবে। আর এটা তার বাহিনীকে শক্তিশালী করার সাহস যুগাবে। দাজ্জাল মিসরে সার্বিক শিক্ষা গ্রহণ করবে। কেননা, তখন সেখানে সরকারী ব্যবস্থাপনা সমুন্নত থাকবে। পাশাপাশি দেশটি আফ্রিকা এবং মধ্যপ্রাচ্যের মাঝামাঝি স্থানে অবস্থান করছে।

তখনকার মধ্যপ্রাচ্য রাজনৈতিক পরিস্থিতি দাজ্জালের আত্মপ্রকাশের পথকে প্রশস্ত করে তুলবে। বহু রাষ্ট্রের রাজনৈতিক ও সাংস্কৃতিক সভ্যতা বিনষ্ট হয়ে যাবে। ধর্মীয় চরমপন্থীদের (সূফীগণ নয়) কাছে শক্তি থাকবে এবং তারা নিজেদের অমানবিক কর্মকান্ডকে সত্য বলে মনে করবে। ধর্মীয় প্রভাব দাজ্জালকে শক্তি অর্জন করার সাহস যুগাবে। দাজ্জালের অনুসারীরা দাজ্জালকে ধর্মীয় পথপ্রদর্শক বলে মনে করবে। (10-
سنیچری 71رباعي-)

দাজ্জাল কর্তৃক যাবতীয় মিথ্যা প্রচারণা সত্তেও সে বিশ্বকে এক মহাভূমি বানিয়ে দেবে এবং তার সকল ষড়যন্ত্র জনসমক্ষে ফাস হয়ে যাবে। ছবির উল্টা দিক প্রকাশ হয়ে পড়বে। সে তার অনুসারীদের ধারণানুযায়ী চলতে সক্ষম হবেনা। (1-سنیچری
50-رباعي)

রুম সাগর, লোহিত সাগর এবং আরব সাগরের বুকে দাজ্জালকে স্বীয় শক্তি প্রকাশ করতে দেখা যাবে। সে প্রচুর পরিমাণে আন্তর্জাতিক শক্তি অর্জন করে ফেলবে। বৃহস্পতিবার দিন তার জন্য খুবই গুরুত্বপূর্ণ হবে। সে ঐ দিনটিকে তার উপাসনার জন্য নির্ধারণ করবে। সে প্রত্যেক ব্যক্তির জন্যই ভয়ানক হবে, বিশেষত প্রাচ্যের জনসাধারণের জন্য। কেননা সে চীন, রাশিয়া এবং সম্পূর্ণ এশিয়াকে হাতের মুঠোয় রাখবে। পৃথিবীর ইতিহাসে প্রথমবারের মত কেউ এত বিশাল ভূমিকে আয়ত্ব করতে সক্ষম হবে। (1-سنیچری
55-رباعي)

দাজ্জাল কর্তৃক আবিস্কৃত রাজনৈতিক ও সাংস্কৃতিক সভ্যতা বিশ্বের উত্তরাঞ্চলের দেশগুলোতে

বাস্তবায়িত হতে দেখা যাবে। ওখানকার উন্নতশীল এবং ঠান্ডা পরিস্থিতির কারণে। দাজ্জাল আত্মপ্রকাশকালে সামাজিক রীতিনীতি সম্পূর্ণ ধ্বংস হয়ে যাবে। মিথ্যা দাবীদার লোক প্রচুর পরিমাণে আত্মপ্রকাশ করতে থাকবে। তারা আসমানী মাযহাব এবং সত্যপথের দাবী করতে থাকবে। (1-
سنيچري 92رباعي-)

কিছু সময়ের জন্য দাজ্জালের আয়ত্বাধীন এলাকাগুলোতে যুদ্ধ থেমে যাবে। কিন্তু কিছুদিন পরেই লোকেরা তাদের স্বাধীনতাকে স্মরণ করে দাজ্জালের বিদ্রোহ করার চেষ্টা করবে। ফলশ্রুতিতে প্রচুর ধ্বংস ও হত্যাযজ্ঞ হতে থাকবে। মানুষেরা তাদের উদ্দেশ্য অর্জনে উত্মোৎসর্গ করে দেবে। আসমানী ওহীর ভবিষ্যদ্বাণীগুলো সত্য বলে প্রমাণিত হতে থাকবে। যেমন- রক্তের নদী ঘোড়ার কোমর পর্যন্ত। তখনকার যমানা সন্ত্রাসবাদ, ব্যাপক মৃত্যু এবং অত্যন্ত ভয়ানক হবে।

(1-سنيچري 80رباعي-)

দাজ্জাল বৃহস্পতিবারকে তার বিশেষ দিন হিসেবে ধার্য করবে। তার হাতিয়ার থেকে প্রচুর পরিমাণে হত্যা ও রক্ত বয়ে যাবে। ভয়ানক ক্ষমতাসম্পন্ন রাসায়ণিক পদার্থ ব্যবহারের ফলে বিরাট ধরনের পরিবর্তন প্রকাশিত হতে থাকবে। আকাশে, বৃক্ষসমূহে, প্রাণীদের মাঝে, খাদ্যদ্রব্যের মাঝে এবং যমিনের ভেতরেও। ৭ নং যমানা এবং ১নং যমানার মাঝে অনেক কষ্ট এবং ক্লান্তি বিরাজ করবে।

দাজ্জালের রাজনৈতিক এবং ধর্মীয় দৃষ্টিভঙ্গিসমূহ

(10-سنيچري 75رباعي-)

দাজ্জাল তার দৃষ্টিভঙ্গিসমূহকে মার্কস (marx) এবং এগেলস (Eagels)এর ঐ দৃষ্টিভঙ্গির মত বিন্যস্ত করবে, যার মধ্যে বিশ্বের জনগোষ্ঠী কন্ট্রোলের উপর বিশ্বাস করা হবে। রাশিয়া এবং চীন অতীতের মত তার আসল উদ্দেশ্য হবে। দাজ্জাল তার দৃষ্টিভঙ্গিসমূহকে প্রথমে এশিয়া দখল পরে সারা বিশ্ব দখলের জন্য ব্যবহার করবে এবং সে তার এ দৃষ্টিভঙ্গিসমূহকে বিভিন্ন রাজনৈতিক সংগঠনের মাধ্যমে প্রসারিত করবে।

(3-سنيچري 95رباعي-)

দাজ্জাল খৃষ্ট ধর্মকে নিশ্চিহ্ন করার জন্য খৃষ্টধর্মবিষয়ক নিদর্শনগুলো মিটিয়ে দেবে। পাশাপাশি সে ইসলামের অবকাঠামো পরিবর্তনের চেষ্টা করবে। সে তার এ দৃষ্টিভঙ্গিসমূহকে ধর্মের স্থলাভিষিক্ত (মডার্ন ধর্মীয় সিষ্টেম) রূপে পেশ করবে। (3-سنيچري 19رباعي-)

দাজ্জাল হিটলারের জীবনাদর্শকে সামনে রেখে তার দৃষ্টিভঙ্গিকে প্রকাশ করবে এবং হিটলারের ভুলগুলো থেকে সে শিক্ষা নেয়ার চেষ্টা করবে। এমন সব কিতাবাদী তার হস্তগত থাকবে, যা সাধারণ মানুষের আওতার বাইরে থাকবে। তার জন্যই সম্ভব হবে- হিটলারের ব্যাপারে গোপনীয় ব্যবস্থাপনা অর্জন করা এবং সেগুলো মনযোগ সহকারে পাঠ করা। সূচনাতেই সে ধ্বংস হওয়ার জন্যই আত্মপ্রকাশ করবে। কেননা সে ঐশী শক্তির বিরুদ্ধে কাজ করে যাবে, যে ঐশী শক্তির মাধ্যমে পৃথিবী টিকে আছে। যারা তার বিরুদ্ধে ঐক্যবদ্ধ হবে, তারা শুধুমাত্র এই প্রশ্ন করবে যে, দাজ্জাল আত্মপ্রকাশ করেছে কতদিন হল ?? এবং আত্মপ্রকাশের পর থেকে এ পর্যন্ত তার কি পরিমাণ অনুসারী হল ?? অন্যন্য সব সরকারী নেতৃত্বের মত তার নেতৃত্বও বেশিদিন টিকবেনা। সে স্বীয় শক্তির মুকাপেক্ষী থাকবে। বিশ্বের দৈনন্দিন রীতিনীতি পরিবর্তন হয়ে যাবে। কিন্তু بر اعظم এর পরিস্থিতি পূর্বের ন্যায় বহাল থাকবে।

অগমিয়স (OGMIOS)

অগমিয়স দাজ্জালের বিপরীতে এমন শক্তি হবে, যা মানুষের রূহানী শক্তি থেকে অর্জিত হবে। তারা দাজ্জালের রাজ্য ধ্বংস করতে কাজ করে যাবে। এই শক্তিটুকু ঐ সকল রাষ্ট্রগুলোর ভেতর থেকে আসা মানুষদের দ্বারা গঠিত হবে, যে সকল রাষ্ট্র দাজ্জালের বিরুদ্ধে পূর্ব থেকেই হুমকিস্বরূপ হবে। সে (অগমিয়স) সম্ভবত এমন রাষ্ট্র থেকে আত্মপ্রকাশ করবে, যা দাজ্জালের আয়ত্বাধীন থাকবে। এ (অগমিয়াস) শক্তি গোপন সংগঠনগুলোর মাধ্যমে সৃষ্টি হবে এবং তারা দাজ্জালের সাথে ইউরোশিয়াতে (কুস্তানতিনীয়্যার নিকটবর্তী) মুকাবেলা করবে। এ মুকাবেলা তৃতীয় বিশ্বযুদ্ধ সমাপ্তির পূর্বক্ষণে সংঘটিত হবে। অগমিয়স মধ্যইউরোপ থেকে আসবে এবং তারা রূহানী ভাবে পূর্ণপ্রস্তুতি নিয়েই আসবে। কেননা অগমিয়াসের বিপরীতেও সুসংগঠিত বাহিনী প্রস্তুত করা হবে।

অগমিয়াস সাধারণ মানুষদের সমন্বয়ে তৈরী হবে এবং নিম্নস্তর থেকে উন্নতি করতে করতে সর্বোস্তরে পৌছবে। তাদের কাছে টেকনিক্যাল শিক্ষা-দিক্ষা থাকবে। তারা স্বীয় অভিজ্ঞতাগুলোকে সর্বাধিক প্রাধান্য দেবে। তার নেতৃত্বে এমন এক ব্যক্তি হবে, যার মতামত এবং পদক্ষেপসমূহ সত্য ও উদ্দেশ্য পর্যন্ত পৌছার যোগ্যতা রাখবে। সে এমন ব্যক্তি হবে, যে মহা মস্তিস্ক এবং সমুন্নত শক্তির অধিকারী একজন ব্যক্তিত্বের আগমণের পথ প্রশস্ত করবে। অগমিয়স পূর্বে থেকেই বুঝবে যে, বিশ্বকে পূণরায় তার আসল নিরাপদ পরিস্থিতির দিকে নিয়ে যাওয়া আর সম্ভব নয়। কিন্তু তারা বিশ্বধ্বংসকারী"কে নির্মূল করতে সহযোগীতা করবে এবং এমন ব্যক্তিত্বের আগমনের পথ প্রশস্ত করবে, যে ব্যক্তি পৃথিবীকে পূণরায় তার নিরাপদ পরিস্থিতির দিকে নিয়ে যেতে সক্ষম হবে। (5-سنيچري 24رباعي-)

যে সকল সংগঠন অগমিয়াসকে নেতৃত্ব দেবে, তারা অত্যন্ত কঠিন ও দুর্বোধ্য পরিস্থিতি থেকে উঠে আসবে। দাজ্জাল নিহত হওয়ার পর তারাই ভবিষ্যত বিশ্ব পূনর্গঠন করার ব্যাপারে নির্ভরতার প্রতীক হবে। অগমিয়াসের সাথে "সূর্যের মত মহান" (Glory of Sun) এক ব্যক্তি থাকবে, যে সমুন্নত দেহাবিশিষ্ট হবে। সে সরল বন্ধু এবং ভয়ানক শত্রু হওয়ার যোগ্যতা রাখবে। সে শক্তিশালী অভ্যাস এবং শক্তিশালী পদক্ষেপসমূহের মালিক হবে। তার এ গুণগুলো দাজ্জালের বিরুদ্ধে লড়াইয়ে বিরাট সহযোগীতা দেবে। তার দৃষ্টিভঙ্গি কারো অনুসৃত হবেনা। তার নেতৃত্বে দাজ্জালের বিরুদ্ধে প্রচুর মুকাবেলা হওয়া সত্তেও সে ধোকায় পড়বেনা। (سنيچري-2 رباعي85-)

কিন্তু অগমিয়স একদিক দিয়ে দুর্বল থাকবে। তার সৈন্যসংখ্যা অত্যন্ত স্বল্প হবে, যার ফলে অগমিয়াসের অপারেশানগুলো অত্যন্ত দুর্বোধ্যতার সাথে পরিচালিত হবে।

তিনজন পাদ্রীর মৃত্যু...ক্যাথলিক চার্চ এবং দাজ্জাল...

(سنيچري-4 رباعي86-)

বর্তমান পোপকে হত্যা করে দেয়া হবে এবং পরবর্তী পোপ-ও বেশিদিন বেঁচে থাকতে পারবেনা। সর্বশেষ পোপ দাজ্জালের চর হিসেবে কাজ করে যাবে। ঐ সময় থেকেই রোমান চার্চ দাজ্জালের সহযোগী হিসেবে থাকবে। সে দাজ্জালের বাস্তবতার অজান্তেই দাজ্জালের হয়ে কাজ করে যাবে।(سنيچري-2 رباعي57-)

সর্বশেষ তিন পোপকে খুব কাছাকাছি সময়ে হত্যা করে দেয়া হবে। শেষের দিক থেকে তৃতীয় জন বন্দুকের গুলির শিকারে পরিণত হবে। শেষের দিক থেকে দ্বিতীয় জনকে দাজ্জালের ষড়যন্ত্র কেড়ে নেবে। আর সর্বশেষ পোপ আশ্চর্যপ্রকৃতির হবে, সে চার্চকে হত্যা করার ষড়যন্ত্রের শেষ সীমায় পৌছে যাবে। দাজ্জাল তাকে নিজের কাজে ব্যবহার করতে থাকবে, শেষপর্যন্ত সে নিজেই দাজ্জালের পথের কাটা হয়ে যাবে। যারফলে তাকে খতম করে দেয়া হবে। আর তার হত্যার মধ্য দিয়েই ক্যাথলিক চার্চ যুগের সমাপ্তি ঘটবে।

বর্তমান পোপকে হত্যা...

(سنيچري-8 رباعي46-)

যে সময় দাজ্জাল স্বীয় শক্তি প্রকাশ করতে শুরু করবে, তখনই ঐ সময়কার পোপকে হত্যা করে দেয়া হবে। যখন পোপ ভেটিক্যান থেকে একটি ভ্রমণের উদ্দেশ্যে বের হবে, তখন তার নিকটবর্তী দুই কার্ডিনেল ভয়ে ভ্যাটিকেনের ভেতরে রয়ে যাবে। ঐ সময়কার (বর্তমান) পোপ বিশ্বময় শান্তি প্রতিষ্ঠার পক্ষে কাজ করে যাবে। পাশাপাশি গোপন শক্তির বিরুদ্ধেও সে কাজ করে যাবে (যা রুমান ক্যাথলিক চার্চের মধ্যে বিদ্যমান)। একটা পরিস্থিতি আসবে যে, যে সকল শক্তি পোপের ক্ষমতা এবং দৌলতকে নিজের সাথে রাখতে চায়, তারা পোপকে একটি ভুল পরামর্শ দেবে। যারফলে পোপকে এক ভয়ানক পরিস্থিতির সম্মুখীন হতে হবে। পোপের হত্যা রুমে রাজনৈতিক পরিস্থিতি বিনষ্টের প্রধান কারণ হবে।

(سنيچري-2 رباعي97-)

বসন্তের (ঋতু) শেষদিকে, যখন গোলাপ ফুল পরিপূর্ণ রূপে ফুটে উঠে, তখন দুই সাগরের সঙ্গমস্থলে অবস্থিত ইউরোপের একটি শহরে পোপ ও তার অধিকাংশ সাথীদেরকে হত্যা করে দেয়া হবে।

(سنيچري-2 رباعي15-)

বর্তমান পোপ নিহত হবে। ধূমকেতু (Comet) পৃথিবীর মধ্যভাগে প্রকাশিত হবে। পোপের দৃষ্টিভঙ্গি মানুষকে ষড়যন্ত্রের মাধ্যমে আবিস্কৃত এক অজানা গন্তেব্যের দিকে নিয়ে যাবে। আর সেখানেই ঐ পোপের

সমাপ্তি ঘটবে। পরবর্তী পোপ দাজ্জালের হাতে নিহত হবে। কেননা, সে দাজ্জালের প্রস্তাব মানতে অস্বীকার করে দেবে। পোপের হত্যা দাজ্জালকে পোপসদর দফতরে হাঙ্গামা সৃষ্টি করার জন্য উস্কিয়ে দেবে। শেষের দিক থেকে দ্বিতীয় পোপকে দাজ্জালের গোপন ষড়যন্ত্রের মাধ্যমে গুম করে ফেলা হবে।

(-سنيچري 4رباعي-1)

শেষের দিক থেকে দ্বিতীয় পোপ (যিনি তখনকার বর্তমান পোপের পর পোপ হবে), -এতদুভয়ের মাঝে সময় খুবই সংক্ষিপ্ত হবে- রাজনৈতিক ভুলের কারণে সর্বশেষ পোপের জন্য দাজ্জালের সহযোগী হওয়ার পথ প্রশস্ত করবে। তার যুগটি চার্চ ধারাবাহিকতা সমাপ্তির নিদর্শন হবে।

(-سنيچري 36رباعي-2)

দাজ্জালের পূর্ণ শক্তি অর্জনের পূর্বে বিশ্বপরিস্থিতির দিকে তাকালে মনে হবে যে, অন্য কোন সরকার যেন সারাবিশ্বকে শাসন করছে। প্রকৃতপক্ষে দাজ্জাল এদেরকে পুতুলের ন্যায় ব্যবহার করতে থাকবে। ঐ সময় দাজ্জাল একজন গোয়েন্দা কার্ডিনেলকে শেষের দিক থেকে প্রথম পোপের সিআইডিগীরী করার জন্য লাগিয়ে দেবে। যারফলে ঐ কার্ডিনেল পোপের বার্তাসমূহকে চুরি করে এমনভাবে বিকৃত করে ফেলবে যে, এর সারমর্মই পাল্টে যাবে। এ বার্তাগুলো পরিস্থিতিকে বাস্তবতা থেকেও বেশি খারাপ করে প্রকাশ করবে। শেষপর্যন্ত পোপ ভুল সিদ্ধান্ত নিয়ে ফেলবে, যদ্দরুণ পোপের জনপ্রিয়তা হ্রাস পেয়ে যাবে। কার্ডিনেলের মনে এসকল ষড়যন্ত্র ও ক্ষতি পৌছানোর ফলে আফসোস সৃষ্টি হবে, কিন্তু দাজ্জালের সাথী হওয়ার কারণে তার এ আফসোস মিটে যাবে।

সর্বশেষ পোপ...

(-سنيچري 65رباعي-3)

সর্বশেষ পোপকে ঐ সময় আলোচনায় আনা হবে, যখন প্রাচীন একটি রুমান কফিন উদ্ধার হবে, যার দর্শনে পশ্চিমা বিশ্ব প্রভাবান্বিত হয়ে পড়বে।

সে এমন একজন বিষাক্ত পোপ, যে দাজ্জালের সাইনবোর্ড হয়ে কাজ করবে। আর সেই ক্যাথলিক চার্চের কফিনে সর্বশেষ পেরেক ঠুকে দেবে। সর্বশেষ পোপ সম্ভবত ফ্রান্সের হবে। তার রং ঘোলাটে এবং চোখ নীল বর্ণের হবে। বাহ্যিকভাবে তার দিকে তাকালে সন্দেহযুক্ত মনে হবে। তার দেহে একপ্রকার শারীরিক বিকলতা থাকবে। যেমন- কাঁধ ঝুকে থাকা (কুঁজু) বা অন্য কোন অঙ্গ বিকল হওয়া (এটা কোন এক্সিডেন্টের ফলে নয়; বরং জন্মথেকেই সে এমন থাকবে) এই বিকলতার জেরে সে শক্ত ও কঠিন মনোভাবসম্পন্ন হয়ে উঠবে। মানুষের বামচোখে দেখাও তাকে কুপ্রতিক্রিয়াশীল করে তুলবে। অল্পবয়সেই সে চার্চে অন্তর্ভূক্ত হয়ে পড়বে। কেননা, সে জানে যে, কোন মেয়েকে ভালবাসা বা বিবাহের জন্য সে তৈরী করতে পারবেনা। তার পিতা-মাতা নাযী আন্দোলনে শরিক ছিল বিধায় বাল্যকালে স্কুলের সাথীরা তাকে "নাযীপ্রিয়" বলে বলে কষ্ট দিত। এই পোপ অন্যদের মতই একজন সাধারণ মানুষ হতে পারত- যদি তার শৈশবকাল এত ভয়ানক বিপর্যয়ের মধ্য দিয়ে না কাটত এবং সে দুনিয়াবাসী থেকে এর প্রতিশোধ অন্তরে পোষন না করত। সে এমনই কমজাত- যে, দাজ্জাল তাকে সাইনবোর্ড রূপে ব্যবহার করবে।

সে পোপ দুশমনদেরকে বলবে যে "আমাকে দেখো! আমি শক্তিশালী! আমি তোমাদের থেকে অনেক উত্তম!!" শক্তি অর্জনের পর সে অত্যন্ত গোপনীয়তার সাথে নিরীহ মানুষ হত্যা এবং ভয়ানক সব ধ্বংসযজ্ঞে শামিল হবে। কেননা, সে দাজ্জালের সাথী হবে। সে নিজে কাউকে হত্যা করবেনা; বরং দাজ্জালের ইশারায় এগুলো বাস্তবায়ন করাবে। বিশেষত ঐসকল লোকদের থেকে সে চরম প্রতিশোধ নেবে, যারা শৈশবে তাকে বিভিন্ন কথা বলে বলে কষ্ট দিত। বাহ্যিকরূপে এ পোপকে অত্যন্ত নম্র-ভদ্র মনে হবে, কারণ- সে এই নম্রতার সুযোগ নিয়ে অনেক উদ্দেশ্য বাস্তবায়ন করতে পারবে। ফলে মানুষকে ধোকা দেয়া এবং নিজের ভয়ানক

চেহারাকে সর্বসাধারণ থেকে আড়ালে রাখা তার সহজ হবে।

(-سنيچري 76رباعي-2)

ক্যাথলিক চার্চ ধারাবাহিকতার সমাপ্তি...

(-سنيچري 70رباعي-10)

ক্যাথলিক চার্চের উপর দায়িত্বশীলদের মৌনহস্তেক্ষেপের ফলে বিশৃঙ্খলা ছড়িয়ে পড়বে। দায়িত্বশীলগণ ধোকায় পড়ে যাবে। তারা মনে করতে থাকবে যে, এখান সবকিছুর অর্জনই সম্ভব। অথচ ঐ সময় তাদের ঘুম ভাঙবে, যখন তারা সম্পূর্ণ ব্যর্থ হয়ে যাবে এবং চার্চ অনেক ক্ষতির সম্মুখীন হয়ে পড়বে। শেষপর্যন্ত পোপকে বরখাস্ত করে দেয়া হবে। অতপর ক্যাথলিক ওখানকার নেতৃস্থানীয় ব্যক্তিবর্গ থেকে নিরাশ হয়ে পড়বে। পাশাপাশি চার্চের অধীনস্থ লোকও অনেক কমে যাবে।

(-سنيچري 25رباعي-5)

রুমে ক্যাথলিক চার্চের ভীত্তি সম্পূর্ণ ধ্বংস হয়ে যাবে। মনে হবে যে, তারা সমুদ্রে নিমজ্জিত হয়ে গেছে। এসকল বিষয়াদী মধ্যপ্রাচ্যে সংঘটিত ঘটনাবলী চলাকালীন সময়ে হবে। জনসাধারণ এ দুই অঞ্চলের দুর্ঘটনাগুলোকে মিলানের চেষ্টা করবে, কিন্তু বাস্তবে এগুলো শুধুই ঘটনাক্রমে হবে। তবে আরবগণ এহেন পরিস্থিতি থেকে ফায়দা হাসিল করবে। অথচ আরবগণ এর দায়িত্বশীল ছিলনা। ভ্যাটিকেনে আরোপিত নিষেধাজ্ঞা চার্চের মেযাজকে উস্কিয়ে দেবে। যারফলে সে পূণরায় উঠে দাড়ানোর চেষ্টা করবে, কিন্তু এমন ক্ষতি হয়ে যাবে যে, দ্বিতীয়বার আর মাথা উঠানোর সাহসই পাবেনা। তাদের ধ্বংসই বলে দেবে যে, এতবছর পর চার্চ ধারাবাহিকতা কেন শেষ হয়ে গেছে!! এসকল ঘটনা মানুষের শক্তি এবং কুদরতী শক্তির সমন্বয়ে ঘটতে থাকবে। সমুদ্র এবং আকাশ থেকে অবতরণকারী এ বাহিনী অত্যন্ত ভয়ানক ও শক্তিশালী হবে। যারফলে পৃথিবীর ভৌগোলিক সীমানা পরিবর্তন হয়ে যাবে। জনসাধারণ একে ঐশী বিপদাপদ বলে মনে করবে। কেননা, পৃথিবীবাসীর তৈরী শক্তির পক্ষে এগুলো করা কখনোই সম্ভব নয়। কোন মানুষই এর কারণ উদঘাটন করতে সক্ষম হবেনা। পরিশেষে সকলেই একে "কুদরতী লীলাখেলা" বলতে থাকবে। এতদসত্তেও তখনকার সবচে বড় সংবাদ হবে যে- দাজ্জাল তুরস্কে প্রবেশ করেছে।

বিশ্বশক্তির মাপকাঠিতে (Cabal)এর অবস্থান...

দাজ্জালের যুগে গোপন একটি ষড়যন্ত্র (ক্যাবাল) পর্দার পেছন দিক থেকে মাথা নাড়াতে থাকবে (খুব সম্ভবত এর দ্বারা ইহুদীদের গোপন সংগঠন ফ্রেমেসন উদ্দেশ্য)। তাদের উদ্দেশ্য হবে- নিজেদের স্বার্থ উদ্ধারের জন্য সারাবিশ্বের সামাজিক ও রাজনৈতিক পরিস্থিতি কন্ট্রোল করা। প্রসিদ্ধ এ পথপ্রদর্শক বিশ্বের প্রতিটি দেশে, প্রতিটি সরকারী ব্যবস্থাপনা এবং প্রতিটি নেতৃত্বের বিষয়ে ছড়ি ঘুরাচ্ছে। সে আপোষে মিলেমিশে চলছে, কিন্তু অতি চতুরতার সাথে নিজেকে গোপন রাখছে। গড়ে সে প্রত্যেক নিচু স্তরে বিদ্যমান রয়েছে- যেমন- উপদেষ্টা, সেক্রেটারী...ইত্যাদি পদে। অথচ এ পদগুলিই গুরুত্বপূর্ণ, আর তারাই সাইনবোর্ডের পেছনে। দিনের বেলায় তাদেরকে উত্তম, ভদ্র এবং অনুসরনীয় ব্যক্তিদের মত মনে হবে, এতদুদ্দেশ্যেই তারা কাজ করে যাবে। বাহ্যিকরূপে মনে হবে- তারা পরস্পরে ভিন্ন। কিন্তু পর্দার আড়ালে তারা এক ও পরস্পর বন্ধু। তারা পারস্পরিক যুক্তি পরামর্শের মাধ্যমেই সকল প্রকার সিদ্ধান্ত গ্রহণ করে থাকে। বাহ্যিকভাবে তাদের কোন রাজনৈতিক শক্তি বিদ্যমান নেই। এরপরও বিশ্ব পরিস্থিতি পরিবর্তনে তাদের অবস্থান অত্যন্ত শক্তিশালী। মনে হয় যে, প্রতিটি জাগায় জাগায় দাঁত দিয়ে শক্তকরে কামড়ে রেখেছে। এ গোপন সংগঠন বহু শতাব্দী থেকে বিদ্যমান। তাদের অবস্থান বিশ্বের বড় বড় বংশীয় লোকদের সাথে গিয়ে মিলিত হয়। শুধুমাত্র যে সকল বংশ এতে অংশীদার রয়েছে, তাদেরই এ সম্পর্কে জ্ঞান রয়েছে। ক্যাবালের

দায়িত্বশীলগণ অত্যন্ত গোপনীয়তা ও ধীরস্থীরতা বজায় রেখে বিশ্বময় এক শক্তি গঠন করে চলেছে। কেননা, তারা পেছনে থেকে সবকিছু আয়ত্ব করতে চায়। প্রাথমিক পর্যায়ে যখন দাজ্জাল আগমন করবে, তখন ক্যাবালের প্রধান দাজ্জালকে নিউমডেল, অনুসরনীয় যুবক এবং মহাপথপ্রদর্শক বলে মেনে নেবে। ক্যাবালপ্রধান মনে করবে যে, দাজ্জালকে ব্যবহার করে সে তার উদ্দেশ্যে সহজেই পৌছতে সক্ষম হবে। কিন্তু দাজ্জাল তাদের এ স্বপ্নকে মাটির সাথে মিশিয়ে দেবে।

সামাজিকতা ও সেনা অপারেশানসমূহে ক্যাবালের অংশগ্রহণ...

(-سنيچري 88رباعي-2)

দাজ্জাল অত্যন্ত সফলতার সাথে সম্পূর্ণ ইউরোপকে আয়ত্বে নিয়ে ফেলবে। আন্তর্জাতিক সংস্থা এবং সামাজিক দক্ষব্যক্তিবর্গ দাজ্জালের সাথে যুদ্ধে শরিক হবেনা। বরং ক্যাবালের মনযোগ অন্য কোন দিকে চলে যাবে। ফ্রান্সে মাটির নিচ থেকে মহামূল্যবাণ খনি বের হতে থাকবে। ক্যাবাল দায়িত্বশীলগণ এ রত্নগুলোর উপর কন্ট্রোল প্রতিষ্ঠা করে প্রাচীন যুগের রাজা-বাদশাদের ন্যায় তৃতীয় কোন বিশ্বের জন্য এগুলো সঞ্চয় করবে। "সপ্তম" ও "পঞ্চম"-এর নাম একই ধরনের হবে এবং "সপ্তম"কে "পঞ্চমের অংশ বলে মনে করা হবে। ক্যাবাল সারাবিশ্বের অর্থনীতিকে সম্পূর্ণরূপে কন্ট্রোলে রাখবে। পাশাপাশি বেকারত্ব এবং দ্রব্যমূল্য অধিক হারে বাড়িয়ে দেবে। যারফলে বিশ্বের প্রতিটি মানুষের জন্য দৈনন্দিন জীবনযাপন অত্যন্ত কষ্টকর হয়ে উঠবে।

দাজ্জালের হাতে ক্যাবালের পরিসমাপ্তি...

(-سنيچري 18رباعي-2)

যে কোন উপায়ে দাজ্জাল নিজের গোপন ও রহস্যময় শক্তিকে ব্যবহার করে ক্যাবালের সাতজন লিডারকে খুজে বের করে তাদেরকে হত্যা করে ফেলবে। এটাই হচ্ছে শত্রুদমনের উত্তম পদ্ধতি যে, দুশমনদের মূল জড়গুলিকে খতম করে শত্রুমালিকানায় স্বীয় স্বত্বাধীকার প্রতিষ্ঠা করা। ক্যাবালের অন্যান্য সদস্যরা মনে করবে যে, ইউরোপীয় শত্রুবাহিনী কর্তৃক তাদেরকে খতম করা হয়েছে। কিন্তু তাদের এ ধারনা নিজেদের দূরদর্শিতার অভাবের পরিচয় বহন করবে। কারণ, এটা হচ্ছে ঐ ক্যাবাল- যা বহু শতাব্দী পূর্ব থেকে চলতে থাকা যুদ্ধগুলিকে বাতাস দিয়ে আসছে। এদেরকে ধ্বংস করা মূলত দাজ্জালের ধ্বংসের সূচনা। কেননা, তারাই দাজ্জালের গোপন প্রোগ্রামগুলোতে সহযোগীতা করে আসছিল। অতপর যখন ক্যাবাল ধ্বংস হয়ে যাবে, তখন যেসকল যুদ্ধকে তারা বাতাস দিয়ে আসছিল, সেগুলোও শেষ হয়ে যাবে। যারফলে বিশ্বব্যাপী কুদরতী শান্তি প্রতিষ্ঠা হয়ে যাবে। আর এভাবেই দাজ্জালের ধ্বংসের সূত্রপাত হবে।

শান্তিকামী, উন্নতির দিকে আহবানকারী এক মার্কিন প্রেসিডেন্ট...

একজন মাননীয় প্রসিদ্ধ মার্কিন প্রেসিডেন্ট অত্যন্ত গোপনীয়তার সাথে মার্কিন বিরোধী পার্টি এবং Ku Klux Klan এর সাথে সম্পর্ক স্থাপন করবে। ঐ মার্কিন প্রেসিডেন্টের উদ্দেশ্যগুলোর একটি হচ্ছে- বর্তমান মার্কিন প্রশাসন এবং রাজনৈতিক সংবিধান খতম করে দেয়া। ঐ ব্যক্তিটি রাজনৈতিকভাবে দায়িত্বশীল কিন্তু সবসময় পর্দার আড়ালে থাকার চেষ্টা করবে। সে অত্যন্ত নিরবতার সাথে শক্তির জাল বুনতে থাকবে। তার এ শক্তির জাল পরবর্তীতে দাজ্জালের কাজে আসবে। ঐ ব্যক্তির একজন পুতুল বন্ধু থাকবে, যে তার স্থলাভিষিক্ত হয়ে জনসমক্ষে আসবে। আর দাজ্জাল আত্মপ্রকাশের পরই এ বিষয়গুলো সম্পর্কে মানুষের জ্ঞান হবে।

ধর্মীয় মূলপন্থী ও কট্টরপন্থীদের তদারকি...

(-سنيچري 85رباعي-2)

বিচ্ছিন্নতার যমানায় ধর্মের বিষয়ে দাঙ্গা-হাঙ্গামার ফলে জনসাধারণের ধর্মীয় দৃষ্টিভঙ্গিতে ব্যাপক প্রভাব পড়বে। ধর্মীয় কট্টরপন্থী এবং মূলপন্থীরা এমন হবে যে, তারা মোটা মোটা ডান্ডা নিয়ে অনুসারীদের পেছনে লেগে থাকবে, যাতে কেউ এদিক সেদিক চলে না যায়। এসকল বিষয় অধিকার, সম্মান ও বীরত্বের বিরুদ্ধে হবে। এরকম মূলপন্থী ও কট্টরপন্থী লোক খৃষ্টানদের মধ্যেও থাকবে, মুসলমানদের মধ্যেও থাকবে।

সন্ত্রাসীদের আক্রমন...

সর্বশেষ পোপ তখন দাজ্জালের অধীনস্থ হবে। ঐ সময় বিশ্বজুড়ে নেতৃত্বহীনতা, মরন যুদ্ধ এবং অন্যান্য ভয়ানক সব ঘটনা একের পর এক ঘটতে থাকবে। ইতিহাস তার বর্বরতার নিকৃষ্টতম যুগ প্রত্যক্ষ করবে। প্রত্যেকটি ঘটনা পূর্বের ঘটনার চেয়ে বেশি ভয়াবহ রূপ ধারন করবে।

নৈরাজ্যতার যমানায় বিশ্বব্যাপী আন্তর্জাতিক নেতৃবর্গকে অধিক হারে হত্যা করা হবে। এত দ্রুত দেশপ্রধান পরিবর্তন হতে থাকবে যে, জনগণ একথার চিন্তাই করবেনা যে, বর্তমান দেশপ্রধান কে! কারা দেশ চালাচ্ছে!! এ বিষয়ে চিন্তা করাটাকে তারা অনর্থক সময় নষ্ট করা মনে করবে। কেননা, শাসকদেরকে গণহারে হত্যা ও পরিবর্তন করে দেয়া হবে। এ মরণযুদ্ধ দাজ্জাল ছাড়াও প্রত্যেক ঐ ব্যক্তির জন্য ঝুকিপূর্ণ হবে, যারা নেতৃত্বের লোভী হবে। আর দাজ্জালই এসকল হত্যাকান্ডের দায়িত্বশীল হবে।

মাছীহুদ্ দাজ্জাল

মধ্যপ্রাচ্যে দাজ্জাল শক্তিশালী হয়ে উঠা...

(-سنيچري 34رباعي-3)

দাজ্জাল বহুদিন পর্যন্ত পর্দার আড়ালে থেকে দুনিয়ার অস্ত্র ও শক্তিকে একত্রিত করতে থাকবে। আর ঐ সময়ই সে জনসমক্ষে আত্মপ্রকাশ করবে, যখন তার প্রকাশের সকল ভীত্তি ও সামাজিক পরিস্থিতি তৈরী হয়ে যাবে। সে অত্যন্ত মনযোগ সহকারে তার কার্যাবলীকে বিন্যস্ত করবে। যে সকল রাষ্ট্র তার বিরুদ্ধে কাজ করে যাবে, তাদের অজান্তেই সে তাদের বাড়ীর উঠানে এসে হাজির হবে।

(-سنيچري 77رباعي-7)

দাজ্জাল পর্দার পেছনে থেকে বিশ্বের সকল ব্যবস্থাপনায় কড়ি নাড়াতে থাকবে। -এখনও সে আত্মপ্রকাশ করেনি- কিন্তু সে এক অপেক্ষমাণ মাকড়সার মত গভীর আগ্রহে আত্মপ্রকাশের অপেক্ষা করতে থাকবে। বিশ্বের পরিস্থিতি থেকে ফায়দা উঠানোর জন্য সে তার চাল চালতে থাকবে। যখন তার নির্ধারিত সময় এসে পড়বে, তখন একটি দেশের রাজনৈতিক দূরাবস্থার ফায়দা উঠাতে গিয়ে সে স্বীয় শক্তি পেয়ে যাবে। অথচ এব্যাপারটি তার জন্য কোন বিষয়ই না যে, সে ঐ দেশের বাসিন্দা নয়। সে ওখানকার সাংবিধানিক দুর্বলতার সুযোগ নিয়ে উপকৃত হবে। উদাহরণস্বরূপ- সেনাবাহিনীতে তার কোন আত্মীয়ের মৃত্যুর পর স্বীয় শক্তি ব্যবহার করে তার স্থলাভিষিক্ত হিসেবে ঢুকে পড়বে।

(-سنيچري 34رباعي-1)

যে রাষ্ট্রকে সে আয়ত্ব করার চেষ্টা করবে, সেখানকার বিদ্রোহীদেরকে উস্কিয়ে দিবে এবং ওখানকার রাজনৈতিক বিরোধীদেরকে বলবে যে- "আমি তোমাদের উদ্দেশ্যগুলোকে বাস্তবায়ন করে দেব।" অথচ এ কথার মাধ্যমে সে একদলকে অন্যদলের বিরুদ্ধে ক্ষেপিয়ে লড়াই সৃষ্টি করার চেষ্টা করছে। ফলে ঐ দেশের আভ্যন্তরীণ বিষয়ে মারাত্মক কোন্দল দেখা দেবে এবং বাহ্যিক পর্যায়ে তারা দুর্বল হয়ে পড়বে।

(-سنيچري 23رباعي-2)

ইরানে দাজ্জাল এক ব্যক্তিকে বীজ হিসেবে ব্যবহার করবে এবং আয়াতুল্লাহকে বোকা বানিয়ে স্বীয় শক্তিতে এসে যাবে। তাছাড়া আয়াতুল্লাহর নিকটস্থ কিছু লোকও এ ষড়যন্ত্রে দাজ্জালকে সহযোগীতা করবে। হেলায় ফেলায় একাজগুলো সেরে ফেলা হবে। দাজ্জাল প্রথমে একটি ঘরোয়া যুদ্ধে আয়াতুল্লাহর কিছু ঘনিষ্ঠ লোকদেরকে হারিয়ে দেবে। এভাবে দাজ্জাল এক ব্যক্তিকে সামনে আনবে, যে আয়াতুল্লাহর ঘনিষ্ঠজনদের একজন হবে। কিন্তু ইরানী জনসাধারণ তাকে ঘৃণার চোখে দেখবে। যখন সে বিজয়ী হয়ে ইরানের প্রেসিডেন্ট হওয়ার দিকে একধাপ এগিয়ে যাবে, তখনই তাকে হত্যা করে ফেলা হবে। বিরোধী দলের লোকেরা মনে করবে যে, তাকে হত্যা করে তারা সফল হয়ে গেছে। কিন্তু পরবর্তীতে তাদের জ্ঞান হবে যে, তারা তো শুধুমাত্র পুতুল ছিল এবং এরকম দলাদলি আর হত্যাকান্ড ঘটিয়ে তারা দাজ্জালের হাতে খেলা করছিল।

(-سنيچري 81رباعي-2)

শুরুতে দাজ্জাল তার স্থানীয় এলাকা অর্থাৎ এশিয়া এবং মধ্যপ্রাচ্যে মজবুত অবস্থান তৈরী করবে। অতপর যখন সে ইউরোপ দখলের দিকে মনযোগী হবে, তখন প্রথমে রুম সাগরের দক্ষিণ দিয়ে সে ইউরোপে প্রবেশ করবে, কেননা এটাই হচ্ছে তার সামুদ্রিক শক্তিশালী এলাকা। যেহেতু সে মধ্যপ্রাচ্যের সাথে সম্পর্ক রাখবে, সেহেতু উত্তর আফ্রিকার লোকদেরকে আগে থেকেই বসে নিয়ে ফেলবে। কারণ, সংস্কৃতির দিক থেকে এশিয়া ও মধ্যপ্রাচ্যের লোকদের মত তারাও দাজ্জালের অধিক নিকটবর্তী হবে।

দাজ্জালের সামাজিক সংস্কৃতি...

(-سنيچري 40رباعي-1)

দাজ্জাল পৃথিবীর বিভিন্ন সংস্কৃতিকে একত্র করে বিশেষ এক সংস্কৃতির জন্ম দেবে। টাকা-পয়সা লেনদেনের ক্ষেত্রে বিশ্বজুড়ে সে এক কারেন্সী চালু করবে। অন্যসব কারেন্সীকে সে বাতিল করে দেবে। মিসরের দিক থেকে গ্রহণযোগ্য ও মাননীয় একজন পথপ্রদর্শক এব্যাপারে দাজ্জালের বিরোধিতা করবে যে, আরব দেশসমূহ যাতে নতুন কারেন্সী ছেড়ে পূর্বের কারেন্সী মতে লেনদেন অব্যাহত রাখে। জনসাধারণ থেকেও এব্যাপারে প্রচুর বিরোধিতা দেখা দেবে।

দাজ্জাল কর্তৃক এশিয়া দখল...

(-سنيچري 50رباعي-4)

দাজ্জাল তার সহকারী দায়িত্বশীলকে পাঠিয়ে উপমহাদেশের বড় বড় অঞ্চলসমূহ আয়ত্বে নিয়ে নেবে। সহযোগীদের সাথে তার এ সম্পর্ক গোপন থাকবে। বিশ্ব এটা বুঝতে পারবেনা যে, সহযোগীরা শুধুই পুতুল। আসল পরিস্থিতি তখনই উন্মোচিত হবে- যখন দাজ্জাল তাদেরকে হটিয়ে অন্যদেরকে শাসক বানিয়ে দেবে। প্রাথমিক পর্যায়ে মার্কিন প্রশাসন এতে হস্তক্ষেপ করবেনা। কেননা, তারা মনে করবে যে, এসকল সরকারী শাসকগণ যথারীতি জনসাধারণ কর্তৃক নির্বাচনে জয়ী হয়েই এসেছে। কিন্তু পরে তাদের জ্ঞান হবে যে, আরে! এরা তো দাজ্জালের সহযোগী ও খাঁটি গোলাম।

(-سنيچري 95رباعي-3)

এশিয়া থেকে দাজ্জালের প্রথম শিকারে পরিণত হবে রাশিয়া। এটা সে শক্তির মাধ্যমে নয়; বরং নিজের চালাকি এবং রাশান জনসাধারণকে অপারগ বানিয়ে পুরো রাশিয়াকে আয়ত্বে নিয়ে নেবে। বোকা বানিয়ে দাজ্জাল তাদেরকে শক্তির আওতায় নিয়ে আসবে। রাশানরা কিছুই করতে পারবেনা। মনে করবে যে, তারা উন্নতির পথেই এগুচ্ছে। রাশিয়ায় আগ্রাসন চালানোর পূর্বে দাজ্জাল মধ্যপ্রাচ্যের অধিকাংশ এলাকাসমূহে আয়ত্বে নিয়ে ফেলবে। এরপর সে চীন এবং অন্যান্য এশীয় দেশগুলোর প্রতি মনযোগী হবে। বিশ্বজুড়ে সে এমন পরিস্থিতির সৃষ্টি করবে, যার মাধ্যমে পৃথিবীকে সে সহজেই আয়ত্বে নিয়ে নিতে পারবে। চীনের লোকদেরকে সে খাদ্যদ্রব্যের মাধ্যমে নয়; বরং অন্য কোন কায়দায় আয়ত্ব করে ফেলবে।

দাজ্জাল সংস্কৃতির আগ্রাসন এবং ইউরোপ পরিস্থিতি...

(-سنيچري 15رباعي-2)

দ্বিতীয় পোপকে যখন হত্যা করে ফেলা হবে, তখনই দাজ্জাল ইউরোপ দখলের দিকে মনযোগী হবে। ব্রিটিশ প্রধানমন্ত্রী এবং মার্কিন প্রেসিডেন্ট পরস্পরে সাক্ষাত করে বিষয়টি নিয়ে গবেষণা করবে। তারা উভয়েই সমুদ্রের একস্থানে সাক্ষাত করবে, ঠিক যেমনভাবে চার্চিল এবং রোজভেল্ট সিদ্ধান্তকে সংরক্ষণ ও গোপন করতে সমুদ্রে সাক্ষাত করেছিল।

(-سنيچري 81رباعي-2)

যুদ্ধের মাঝামাঝি সময়ে একটি অত্যাধিক ভয়ানক ও প্রতিক্রিয়াশীল আক্রমণ দাজ্জালের ঐতিহ্যবাহী সাংস্কৃতিক কেন্দ্রগুলোর উপর বিরাট হুমকি হয়ে দাড়াবে। জনসাধারণের উপর সরাসরি আক্রমণ না করে তাদের সভ্যতার উপর আগ্রাসন চালানো হবে। কেননা, জনগণ সাধারণত ঐ সকল স্থানগুলোকেই প্রাধান্য দিয়ে থাকে, যেগুলি ঐতিহাসিক ও সংস্কৃতির দিক থেকে গুরুত্বপূর্ণ হয়ে থাকে। সন্ত্রাসপূর্ণ আক্রমণটি শত্রুদের জন্য ভয়াবহ রূপ ধারন করবে।

ইউরোপকে প্রাথমিক ঝটকা দেয়ার জন্য দাজ্জাল প্রথমে রুমের শহরগুলিকে আকাশপথে আক্রমণ করে মিছমার করে দেবে। শহরগুলি এমনভাবে ধ্বংস করে দেয়া হবে যে, এতদেলাকায় অবস্থিত সাতটি বড় বড় পাহাড় ভূমির সাথে সমতল হয়ে পড়বে। রুমকে সম্পূর্ণরূপে ধ্বংস করে দেয়া হবে। মনে হবে যে, সমুদ্র থেকে কোন বস্তু এসে হঠাৎ সবকিছু ধ্বংস করে দিয়ে গেছে। দাজ্জাল গ্রীসের সাংস্কৃতিক স্থাপনাগুলোকেও ধ্বংস করে দেয়ার হুমকি দিবে। এগুলোর তালিকায় গ্রীসের উচ্চতর সাংস্কৃতিক স্থাপনা ছাড়াও ওখানকার শিক্ষাকেন্দ্রসমূহ এবং এথেন্স-ও অন্তর্ভুক্ত হবে। আশপাশের দ্বীপ রাষ্ট্রগুলোর অধিকাংশ সাংস্কৃতিক ভান্ডার এবং বড় বড় শহরগুলোকে ধ্বংস করা হবে। বিশ্বের নেতৃস্থানীয় ব্যক্তিবর্গ মহাঅত্যাচার দেখে কিছুকালের জন্য স্তম্ভিত হয়ে পড়বে। দাজ্জাল তাদের সিদ্ধান্তহীনতার সুযোগ নিয়ে দ্রুত বড় বড় রাষ্ট্র ও সরকারী ব্যবস্থাপনাগুলোকে আয়ত্ব করতে থাকবে। এভাবেই দাজ্জাল অবিস্মরণীয় ও যারপরনাই চালাকী করে করে স্বীয় পদক্ষেপগুলোকে আগে বাড়িয়ে নেবে। পরিশেষে সারাবিশ্বকে সে হাতের মুঠোয় নিয়ে নেবে। সাংস্কৃতিক স্থাপনাগুলোকে সে এভাবেও ধ্বংস করতে পারে যে, পুরাতন সংস্কৃতি উচ্ছেদ করে ওখানে স্বরচিত সংস্কৃতি চালু করে দেবে। যেমনটি স্পেন বিজয় করার সময় (The Moors) মুসলমানগণ করেছিল। মুসলমানগণ তো শুধু স্পেনে প্রবেশ করেছিল, কিন্তু দাজ্জাল সম্পূর্ণ প্রাচ্যে প্রবেশ করবে।

(-سنیچري 84رباعي-2)

বিচ্ছিন্নতার যমানায় ঋতুর (জলবায়ু) অধিক পরিবর্তন এবং মারাত্মক ধরনের দুর্ভিক্ষ দেখা দেবে। দাজ্জাল ইটালী ও গ্রীসে আক্রমণ করে ওখানকার সাংস্কৃতিক স্থাপনাগুলো ধ্বংস করে দেবে। ফলে ওখানকার জনগণ সম্পূর্ণ নিরাশ্রয় হয়ে পড়বে।

ক্যাথলিক চার্চ থেকে দাজ্জালের প্রতিশোধ...

(-سنیچري 43رباعي-5)

ইউরোপের সাংস্কৃতিক স্থাপনাগুলো ধ্বংস করার পাশাপাশি দাজ্জাল ভ্যাটিকেনের লাইব্রেরীগুলোতেও আক্রমণ করবে। ভ্যাটিকেনের অবশিষ্ট সরকারী ব্যবস্থাপনাকে নষ্ট করার জন্য আক্রমনটি করবে। তার একটি চালাকি এমন হবে যে, দাজ্জাল গোপন ও মতানৈক্যপূর্ণ তথ্যগুলোকে জনসমক্ষে প্রকাশ করে দেবে। তথ্যগুলো এমন হবে- যা ক্যাথলিক চার্চ প্রাণের ভয়ে মানুষের কাছ থেকে গোপন করেছিল। যারফলে চার্চের পাদ্রী এবং অনুসারীদের মাঝে দলাদলি দেখা দেবে। প্রত্যেকেই নিজের চিন্তাভাবনা ও দৃষ্টিভঙ্গি প্রকাশ করতে থাকবে। আর এই দলাদলি ও ভুল বুঝাবুঝির প্রেক্ষিতেই ক্যাথলিক চার্চ দাজ্জালের রাস্তা থেকে সরে দাড়াবে।

(-سنیچري 62رباعي-1)

ভ্যাটিকেনের লাইব্রেরীগুলো দাজ্জালের হস্তগত হওয়ার পর বিশ্বব্যাপী এমন সব তথ্য ও বাস্তবতা মানুষের সামনে ফুটে উঠবে, যা বহু শতাব্দী পূর্ব থেকে আড়ালে ছিল। এদিকে দাজ্জাল চরমপন্থী হয়ে উঠতে থাকবে। প্রকৃতপক্ষে দাজ্জালের ব্যক্তিত্বে বিরাট পরিবর্তন আসতে শুরু করবে। ঐ তথ্যগুলো প্রচারে যে ইতিবাচক প্রভাব পড়বে, এর মাধ্যমে দাজ্জালের ব্যক্তিত্বেও প্রভাব পড়বে।

(-سنیچري 12رباعي-2)

ক্যাথলিক চার্চের সাথে সম্পৃক্ত ব্যক্তিবর্গ, বিশেষত তার অনুসারীরা প্রাচীন বর্ণনাগুলোর উপর অটল থাকবে। অথচ বর্ণনাগুলো বিকৃত হতে হতে বহুকাল পূর্বেই হাওয়ায় মিলিয়ে গেছে। এদিকে দাজ্জাল এবং সর্বশেষ পোপ মিলে চার্চের ব্যাপারে "অন্ধ লুটতরাজ" প্রচার করতে থাকবে। দাজ্জাল ভ্যাটিকেনের লাইব্রেরীগুলোতে ঘুরে ঘুরে এগুলোর অপমান করবে। নিজের সৈনিকদের আর্থিক সাহায্যের জন্য ওখানকার ভান্ডারগুলো লুটে করে নিয়ে যাবে। ক্যাথলিক চার্চ তখন গুরুত্বহীন হয়ে পড়বে এবং নিজেই নিজের মৃত্যুর

কারণ হয়ে দাড়াবে।

দাজ্জালের তুরস্কে আগমন...

(-سنيچري 25رباعي-5)

রুমে যখন ক্যাথলিক চার্চ ধ্বংস হতে থাকবে এবং ভয়ানক ও রহস্যময় "কুদরতী হাতে" নিঃশেষ হতে থাকবে, তখন মানুষের মনযোগ ঐ সময়ের গুরুত্বপূর্ণ একটি ঘটনার দিকে সরে যাবে। আর সেটা হবে দাজ্জালের তুরস্কে আগমন।

(-سنيچري 39رباعي-2)

জার্মানী, ফ্রান্স, স্পেন ও ইটালীর গুপ্তচর ও মুনাফিকেরা গোপনে ইউরোপে শাসন প্রতিষ্ঠার জন্য দাজ্জালের পক্ষে কাজ করে যাবে। যুদ্ধের সময় শিক্ষা বিষয়ক যাবতীয় কার্যক্রম স্থগিত করে দেয়া হবে।

দাজ্জালের ব্যাপারে আন্তর্জাতিক অবস্থান...

(-سنيچري 96رباعي-2)

দূতাবাস কর্তৃক আন্তর্জাতিক ভ্রান্ত পদক্ষেপসমূহ দাজ্জালের শক্তিকে আরো বাড়িয়ে দেবে। প্রাথমিক পর্যায়ে যখন দাজ্জালের হাতে এত শক্তি থাকবেনা, তখন বিভিন্ন রাষ্ট্রের সরকারী শাসকগণ (যেখানে যেখানে দাজ্জাল এখনো গমন করেনি) দাজ্জালের বিপরীতে পদক্ষেপ গ্রহণে ঘাবড়ে যাবে। শেষপর্যন্ত তারা অনেক দেরী করে ফেলবে। অথচ লোকদের এব্যাপারে জ্ঞান থাকবে যে, দাজ্জাল "অন্ধকার জগত থেকে" (From Dark side) শক্তি অর্জন করছে। এরপরও লোকেরা শয়তানী কারিশমা ও ম্যাগনেটিক শক্তির সাহায্যে তার দিকে দৌড়ে চলে যাবে। দাজ্জাল তার পদক্ষেপসমূহকে সামনে এগিয়ে নিতে থাকবে এবং প্রতিবেশী রাষ্ট্রসমূহকে নাজুক পরিস্থিতি ও সরকারী অব্যবস্থাপনার সুযোগ নিয়ে একের পর এক আয়ত্ব করতে থাকবে। শেষপর্যন্ত সম্পূর্ণ বৃহত্তর এশিয়াকে সে নিজের কবজায় নিয়ে নেবে। উত্তর দিকের আকাশে যখন "শিহাবে ছাকিব" (উর্দূ সাত) আকৃতিতে প্রকাশ পাবে, তখনই দাজ্জাল তার শক্তিকে বাড়াতে থাকবে।

(-سنيچري 37رباعي-1)

জনসাধারণ যখন যুদ্ধে শামিল হওয়া না হওয়ার ব্যাপারে পরস্পরে কথোপকথন করবে, তখন দাজ্জালের শক্তি, প্রভাব ও সাহস হ্রাস পেয়ে যাবে। দাজ্জালের রণতরী ও সাবমেরিনের অধিক যাতায়াতের কারণে সমুদ্রপথে চলাচল ঝুকিপূর্ণ হয়ে উঠবে। বেসরকারী সামুদ্রিক বন্দরগুলোতে শত্রুসেনার উপস্থিতির দরুন সামুদ্রিক বাণিজ্য পরিস্থিতিতে চরম দুর্গতি দেখা দেবে। বহু সামুদ্রিক যুদ্ধ ফলাফলে এ বন্দরগুলো উল্লেখযোগ্য ভূমিকা রাখতে সক্ষম হবে। অসংখ্য মানুষ ঘরের বাইরে যুদ্ধ করতে করতে নিহত হয়ে যাবে।

(-سنيچري 86رباعي-5)

প্রতিরক্ষাবাহিনী ব্যবহার করে দাজ্জালের ধ্বংসাত্মক কাজ এবং ব্যাপক হত্যাযজ্ঞকে থামানো যেত, কিন্তু পশ্চিমা দেশগুলোর পারস্পরিক সম্পর্কের টানাপোড়নের ফলে পরিস্থিতিকে আমলে আনা কষ্টকর হয়ে পড়বে। ব্রিটেন এবং আমেরিকার কাছে এতবিশাল পরিমাণে সৈন্যবাহিনী বিদ্যমান থাকবে, যার মাধ্যমে তারা দাজ্জালের আগ্রাসণকে রুখতে পারত, কিন্তু পারস্পরিক একতা ও বিচ্ছিন্নতার ফলে কেউই দাজ্জালের সামনে আসতে সাহস করবেনা। পাশাপাশি উভয় দেশের পারস্পরিক যৌথসেনাব্যবহার চুক্তিটি প্রাথমিক পর্যায়ে থাকায় কেউই সিদ্ধান্ত গ্রহণ করার সুযোগ পাবেনা। এছাড়াও যোগাযোগ ব্যবস্থায় বন্ধাত্য থাকায় বিশেষজ্ঞদের পাঠানো রাজনৈতিক বার্তা ও তথ্যগুলোও সরকারী কর্মকর্তাদের হস্তগত হবেনা। এদিকে দাজ্জাল অত্যন্ত দ্রুততার সাথে বিশ্বের প্রতিটি দেশ আয়ত্বে নিয়ে যাবে।

(-سنيچري 67رباعي-4)

একটি জ্যোতিময় বিরাটাকারের ধূমকেতু (Comet) আকাশে দেখা যাবে। ইতিপূর্বে এ সম্পর্কে কারোরই জ্ঞান থাকবেনা। ফলে ভূ-পৃষ্ঠে আশ্চর্যধরনের পরিবর্তন পরিলক্ষিত হতে থাকবে। ভূমিকম্পন, অগ্নি বিস্ফোরণ এবং মওসুমী পরিবর্তন অধিকহারে ঘটতে থাকবে। ব্যাপক অভাব-অনট, মহামারী এবং দুর্ভিক্ষ দেখা দেবে। সামাজিক বিচ্ছিন্নতা এবং সরকারী অব্যবস্থাপনা দাজ্জালকে শক্তিতে আসতে সাহায্য করবে।

5:2 ঋতু কন্ট্রোলকরণ যন্ত্রাদী...

(-سنيچري 22رباعي-1)

ঋতুকে কন্ট্রোল করার জন্য বড় বড় যন্ত্র/মেশিন আবিস্কার করা হবে (বৈজ্ঞানিকদের পক্ষ থেকে)। মেশিনগুলোতে ঝামেলা সৃষ্টির ফলে বরফের মাধ্যমে ব্যাপক ধ্বংস ছড়িয়ে যাবে।

5:4 মহাকাশযান দুর্ঘটনায় পতিত হওয়ার ফলে বিশ্বপরিবেশে মারাত্মক জীবানু ছড়িয়ে পড়া...

(-سنيچري 65رباعي-2)

অযোগ্য সরকারী শাসকদের (যারা বংশকে ব্যবহার করে ক্ষমতায় এসেছিল) ভুল সিদ্ধান্তের ফলে মহাকাশযান দুর্ঘটনার কবলে পড়ে যাবে। এ মহাকাশযানটি আমেরিকা ও ফ্রান্সের যৌথ উদ্যোগে তৈরীকৃত হবে। দুর্ঘটনার সময় যানটির ভেতরে কতিপয় বৈজ্ঞানিকও বিদ্যমান থাকবে। ঐ মেশিনটির উদ্দেশ্য হবে-মহাকাশে জীবাণূমূলক অস্ত্রের পরীক্ষা করা। দুর্ঘটনার ফলে চারিদিকে ভয়ংকর জীবাণূ ছড়িয়ে পড়বে এবং তা মহা দুর্ভিক্ষের কারণ হয়ে দাড়াবে।

ভূমির অভ্যন্তরে বিদ্যমান পদার্থ প্রকাশের ফলে ভূমিকম্পন সৃষ্টি...

(-سنيچري 46رباعي-1)

বৈজ্ঞানিকগণ ভূ-পৃষ্ঠের বিভিন্ন স্থানে গবেষণা চালাতে থাকবে। তাদের একমাত্র উদ্দেশ্য থাকবে-ভূমির অভ্যন্তরে বিদ্যমান প্রাকৃতিক পদার্থকে নিজেদের কন্ট্রোলে নিয়ে নেয়া। উত্তর দিকের সমুদ্রে একটি গোপন পরীক্ষা চালানোর ফলে ভূমিতে অগ্নিস্ফুলিঙ্গ ছড়িয়ে যাবে এবং ওখান থেকে একটি মহাজ্যোতিময় আলো বের হয়ে আকাশের দিকে চলে যাবে। ফলে ভূ-পৃষ্ঠে অস্বাভাবিক ভূমিকম্পন শুরু হয়ে যাবে। পৃথিবীবাসী একে প্রাকৃতিক ভূমিকম্পন মনে করতে থাকবে। কেননা, পরবর্তীতে সরকারীভাবে তথ্যটি জনসাধারণ থেকে গোপন করে ফেলা হবে।

5:9 ভূমিকম্পন সৃষ্টিকারী এক রহস্যময় গোপন অস্ত্র (ETW)

(-سنيچري 83رباعي-9)

পৃথিবীর দু'টি বৃহত্তর গবেষণাগারে একটি অস্ত্র তৈরী করা হবে, যার মাধ্যমে "ফাল্ট বেল্টে'র উপর অটোমেটিক ভূমিকম্পন ঘটানো সম্ভব হবে। অস্ত্রটিকে ঐ এলাকার উপর দিয়ে বিমানে করে নিয়ে যাওয়া হবে এবং অত্যন্ত শক্তিশালী জ্যোতিময় বস্তুগুলোকে ঐ এলাকার "ফাল্ট বেল্টে'র উপর নিক্ষেপ করা হবে। যে রাষ্ট্র একে তৈরী করতে সক্ষম হবে, এর মাধ্যমে সে অন্যান্য রাষ্ট্রগুলোকে ধমকি দেবে। পরবর্তীতে দাজ্জাল মেশিনটিকে নিজের আয়ত্বে নিয়ে নেবে। প্রাথমিক পর্যায়ে ভূমিবিশেষজ্ঞগণ একে প্রাকৃতিক ভূমিকম্প মনে

করবে। কিন্তু পরে তারাও সন্দেহে পড়ে যাবে। অতপর যখন ভূমিকম্পন ব্যাপক ও অধিক হারে ঘটতে থাকবে, তখন তারা নিশ্চিত হয়ে যাবে যে, এগুলো প্রাকৃতিক কোন ভূমিকম্পন নয়।

আমরা কোন যুগে বাস করছি !!

قال حذيفة رضي الله عنه ، قال رسول الله صلى الله عليه وسلم : تكون النبوة فيكم ما شاء الله أن تكون ، ثم يرفعها إذا شاء أن يرفعها ، ثم تكون خلافة على منهاج النبوة ما شاء الله أن تكون ، ثم يرفعها إذا شاء الله أن يرفعها ، ثم تكون ملكا عاضا ، فيكون ما شاء الله أن يكون ، ثم يرفعها إذا شاء الله أن يرفعها ، ثم تكون ملكا جبرية ، فتكون ما شاء الله أن تكون ، ثم يرفعها إذا شاء الله أن يرفعها ، ثم تكون خلافة على منهاج النبوة . (مسند أحمد،ج:4 ص:273) تعليق شعيب الأرنؤوط : إسناده حسن.

অনুবাদ- হযরত হুযায়ফা রা. বলেন- নবী করীম সা. এরশাদ করেছেন যে, তোমাদের মধ্যে নবুওয়ত থাকবে এবং যতদিন আল্লাহ এটাকে বাকী রাখতে চাইবেন, বাকী রাখবেন। যখন উঠিয়ে নিতে চাইবেন, উঠিয়ে নেবেন। তারপর হবে নবুওয়তের আদর্শে খেলাফত। যতদিন আল্লাহ তা'লা তা বাকী রাখতে চাইবেন, বাকী রাখবেন। যখন তা উঠিয়ে নিতে চাইবেন, উঠিয়ে নেবেন। তারপর হবে অত্যাচারী বাদশাদের শাসন। যতদিন আল্লাহ তা'লা তা বাকী রাখতে চাইবেন, বাকী রাখবেন। যখন উঠিয়ে দিতে চাইবেন, উঠিয়ে দেবেন। তারপর হবে অহংকারী, প্রতাপশালী বাদশাদের শাসন- যতদিন আল্লাহ তা'লা তা বাকী রাখতে চাইবেন, বাকী রাখবেন। যখন উঠিয়ে দিতে চাইবেন, উঠিয়ে দেবেন। তারপর হবে পূণরায় নবুওয়তের আদর্শে খেলাফত।

عن أبي عبيدة ومعاذ بن جبل رضي الله عنه ، عن رسول الله صلى الله عليه وسلم قال: إن هذا الأمر بدأ نبوة ورحمة ، ثم يكون خلافة ورحمة ، ثم ملكا عضوضا ، ثم كائن جبرية وعتوا وفسادا في الأرض ، يستحلون الحرير والفروج والخمور ، يرزقون على ذلك وينصرون حتى يلقوا الله.(شعب الإيمان للبيهقي ، ج:5 ص:16)

হযরত আবূ উবাইদা এবং মুআয বিন জাবাল রা. নবী করীম সা. হতে এরশাদ করেন যে, নবী করীম সা. বলেন- ইসলামের সূচনা হয়েছে নবুওয়ত ও রহমতের শাসনের মাধ্যমে। এরপর হবে খেলাফত ও রহমতের শাসন। এরপর হবে অত্যাচার-লুটেরা বাদশাদের শাসন। এরপর হবে অহংকারী প্রভাবশালী বাদশাদের শাসন, তখন যমিনে অন্যায় অবিচার, ফেতনা ফ্যাসাদ ছড়িয়ে পড়বে। সেকালের লোকেরা রেশম, যিনা এবং মদকে হালাল করে ফেলবে। আল্লাহর সাথে সাক্ষাত (মৃত্যু) পর্যন্ত এর মাধ্যমেই তাদেরকে রিযিক দেয়া হবে এবং সাহায্য করা হবে।

উপরোক্ত হাদিসদ্বয়ের প্রেক্ষিতে আমরা যে যুগের মধ্য দিয়ে অতিক্রম করছি, তা হচ্ছে অন্যায়-অবিচার ও ফেতনা ফ্যাসাদ ছড়িয়ে পড়ার যুগ। আল্লাহ তা'লার যমিনের সর্বোচ্চ শাসনব্যবস্থা (Sovereignty)একমাত্র আল্লাহ পাকেরই হওয়া উচিত। যদি আল্লাহর সৃষ্টিকৃত যমিনে আল্লাহর কানূন ছাড়া মানুষের সৃষ্ট কোন কানূন বাস্তবায়নের অপচেষ্টা করা হয়, তবে অবশ্যই যমিন অন্যায়-অবিচার ও ফেতনা ফ্যাসাদে ভরে যাবে।

উসমানী খেলাফত ভেঙ্গে যাওয়ার পরবর্তী যুগ ফেতনা ফ্যাসাদের যুগ। কিন্তু এরপরও উম্মত হিম্মত না হারিয়ে পূণরায় খেলাফত কায়েমের দিকে এগিয়ে যাচ্ছে, ঐ খেলাফত- যা নববী আদর্শে সজ্জিত হবে। আলহামদুলিল্লাহ!! এর বহু নমুনা ও নিদর্শন এখন থেকেই প্রকাশ হতে শুরু করেছে। মুহাম্মদে আরাবী সা. এর গোলামগণ খেলাফতের গুরুত্ব অনুধাবন করতে শুরু করেছে, ইহুদীদের পেট থেকে জন্ম নেয়া "গণতান্ত্রিক" পদ্ধতির প্রকৃত চেহারা তাদের সামনে উন্মোচিত হয়ে গেছে। সুতরাং ঈমানওয়ালাদেরকে নৈরাশ্যতার অন্ধকার থেকে বের হয়ে আসা উচিত, বিশেষত ঐ সকল মুসলমান- যাদের বয়স পঞ্চাশ বৎসরের উর্ধ্বে হয়ে গেছে। কেননা, তারাই নৈরাশ্যময় এক লম্বা যুগ নিজ চোখে প্রত্যক্ষ করেছে। কিন্তু এখন

আর নিরাশ হওয়ার কোন কারণ নেই। আল্লাহ পাক রাব্বুল আলামীন এই উম্মতের মধ্যে এমন হিম্মত তৈরী করে দিয়েছেন, যা সকল জাতির যৌথমূর্তি "জাতিসংঘ"কে মাটির সাথে মিশিয়ে দিয়ে পূণরায় নববী আদর্শে পূর্ণ ইসলামী শাসন প্রতিষ্ঠায় সংকল্পবদ্ধ হয়েছে।

